

পরিসংখ্যান কর্মকর্তাকে বরখাস্ত করলেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্কঃ চাকরির পরিসংখ্যানে 'অনিয়ম' ও 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত জালিয়াতির' অভিযোগ তুলে যুক্তরাষ্ট্রের *৯-এর পৃষ্ঠায় দেখুন*

হোয়াইট হাউসে ট্রাম্পের ২০ কোটি ডলারের স্বপ্নের বলরুম

প্রায় ৯০ হাজার বর্গফুটের বলরুমের নকশা প্রকাশ

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বহুদিনের প্রত্যাশা অবশেষে বাস্তব হতে চলেছে। হোয়াইট হাউসে তৈরি হচ্ছে এক নতুন ও বিশাল বলরুম। প্রায় ৯০ হাজার বর্গফুটের এই বলরুম নির্মাণে ব্যয় ধরা হয়েছে ২০ কোটি ডলার, যা বাংলাদেশি টাকায় প্রায় ২ হাজার ৪০০ কোটি *৯-এর পৃষ্ঠায় দেখুন*

The Weekly পথচলায় ২৯ বছর Bangla Patrika

বাংলা পত্রিকা

■ Vol. 29 ॥ Issue 44 / August 04, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪৪ ॥ সোমবার, আগস্ট ০৪, ২০২৫, শ্রাবণ ২০, ১৪৩২ ॥ সফর ০৯, ১৪৪৭

দিদারুল; আত্মত্যাগ-সম্মানে মোড়ানো এক বীর

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশেরে একটি মফস্বল শহর থেকে স্ব-পরিবারের ১৬ বছর আগে যুক্তরাষ্ট্রে নিউইয়র্কে এসেছিলেন দিদারুল ইসলাম রতন। নিউইয়র্কে এসে রেস্টুরেন্টে কাজের মাধ্যমে জীবনযুদ্ধ শুরু করেন এবং পাশাপাশি পড়াশুনাও চালিয়ে যান তিনি। তাঁর লক্ষ্য ছিলো কমিউনিটির কল্যাণে দায়িত্বশীল এবং পেশাদারিত্ব একটি কর্মক্ষেত্রে যোগদান। সেই লক্ষ্যে তিনি নিজেকে গড়েছেন। সাড়ে তিন বছর আগে তিনি বিশ্বের অন্যতম সেরা পুলিশ প্রশাসন নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টে যোগদান করেন দিদারুল। যোগদানের পর থেকেই তিনি দায়িত্ব এবং পেশাদারিত্বে অটুট রেখেছেন নিজেকে। সেই দায়িত্ব, নিষ্ঠা আর পেশাদারিত্ব পালন করতে গিয়ে নিজের জীবনকে বিসর্জন দিতে পিছপা হননি দিদারুল। ২৮ জুলাই বিকেল সাড়ে ছয়টার দাত্বিরত অবস্থায় নিউইয়র্কের ম্যানহাটানের পার্ক অ্যাভিনিউয়ে এক অস্ত্রধারীকে প্রতিরোধ করতে গিয়ে ওই বন্দুকধারী গুলিতে তিনি বীরের মতো নিহত হন। নিজের জীবন বিসর্জনে তাঁর অনাগত সন্তান সহ দুই ছেলে, স্ত্রী, পিতা-মাতাসহ পরিবারের লোকজন ও এনওয়াইপিডি পুলিশ হারালো দায়িত্ববান অকুতভয় দিদারুলকে। দিদারুলের এমন আত্মত্যাগে পুরো যুক্তরাষ্ট্রজুড়ে শোকের ছায়া নেমে আসে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, সিনেট, কংগ্রেস, নিউইয়র্ক স্টেট গভর্ণর, সিটি মেয়র, এনওয়াইপিডি পুলিশ ডিপার্টমেন্ট দিদারুলের আত্মত্যাগকে বীর উপাধি দিয়ে সম্মান জানান। তাঁর এ আত্মত্যাগে শুধু নিজের প্রতি নয়, নিজের জন্মভূমি বাংলাদেশকেও বিশ্বের কাছে সম্মানের শিখরে নিয়ে গেছেন দিদারুল। তাঁর আত্মত্যাগে যুক্তরাষ্ট্রের সর্বমহলে বাংলাদেশ *১৬-এর পৃষ্ঠায় দেখুন*



যুক্তরাষ্ট্রের ভ্রমণ ভিসায় দিতে হবে বন্ড

সম্ভাব্য তালিকায় থাকতে পারে বাংলাদেশ-ভারতসহ বেশ কয়েকটি দেশ

বাংলা পত্রিকা রিপোর্ট: টুরিষ্ট বা ভ্রমণ ভিসায় যুক্তরাষ্ট্রে এসে নির্ধারিত সময়ের বেশি অবস্থান ও থেকে যাওয়ার প্রবণতা ঠেকাতে এবার কঠোর পদক্ষেপ নিচ্ছে ট্রাম্প প্রশাসন। ভ্রমণ ভিসায় যুক্তরাষ্ট্রে আসতে হলে ৫ থেকে ১৫ হাজার ডলার বন্ড জমা দিতে হবে ভ্রমণকারীকে। তবে কোন কোন দেশ এর আওতায় পড়বে সেটি আগামী ২ সপ্তাহ পর জানা যাবে। সোমবার সোমবার এক নতুন নিয়ম জারি করে ইউএস স্টেট ডিপার্টমেন্ট জানায়, যেসব দেশের নাগরিকদের ভিসা মেয়াদ অতিক্রম করার হার বেশি বা যেসব দেশে অভ্যন্তরীণ যাচাই-



বাছাইয়ের মান দুর্বল তাদের লক্ষ্য করেই এই বন্ড নীতির প্রয়োগ হবে।

এর আওতায় সম্ভাব্য তালিকায় বাংলাদেশ, ভারত, নেপালসহ বেশ কয়েকটি দেশের নাগরিকদের জামানত দিয়ে ভিসা নিতে হতে পারে। কারণ এসব দেশের অধিকাংশ নাগরিকরা ভ্রমণ ভিসায় এসে এখানে যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসের জন্য আবেদন করে এবং এখানে থেকে যান। তবে যুক্তরাষ্ট্রের ভিসা ওয়েভার প্রোগ্রামে থাকা দেশগুলোর ক্ষেত্রে বন্ড প্রযোজ্য হবে না।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট জানায়, যে দেশগুলো এই তালিকায় পড়বে, তাদের ১৫ দিনের মধ্যে জানানো হবে। এরপর সেসব দেশের আবেদনকারীদের কাছে পাঁচ, দশ বা ১৫ হাজার *৯-এর পৃষ্ঠায় দেখুন*

এবার মামদানীকে ঠেকাতে একাট্টা কট্টোর হিন্দুত্ববাদীরা!



বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে ডেমোক্র্যাট প্রার্থী জোহরান মামদানির বিজয় ঠেকাতে এবার ভারতীয় বংশোদ্ভুত কট্টোর হিন্দুত্ববাদীরা একাট্টা হয়েছেন। ভারতের রাজধানী দিল্লি এবং নিউইয়র্কে ভারতীয়-আমেরিকান উগ্র হিন্দুত্ববাদীরা 'হিন্দুবিদ্বেষী' ও 'দেশবিরোধী' হিসেবে মামদানী আখ্যা দিয়ে তাঁর বিরুদ্ধে প্রচারণা চালাচ্ছে। এসব হিন্দুত্ববাদীরা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন বিজেপি ও তার সমর্থক গোষ্ঠী। প্রতিবেদন দ্য নিউইয়র্ক টাইমসের। *৮-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

জানুয়ারিতে বাড়ছে নিউইয়র্ক সিটির সাবওয়ে ও বাস ভাড়া

বন্ধ হয়ে যাবে মাসিক আনলিমিটেড ভ্রমণ সুবিধা

বাংলা পত্রিকা রিপোর্ট: আগামী বছরের ৪ জানুয়ারি থেকে নিউইয়র্ক সিটির সাবওয়ে ও বাস ভাড়া বৃদ্ধি ও ৩০ দিনের আনলিমিটেড ফেয়ার পাস বন্ধের সিদ্ধান্ত নিয়েছে এমটিএ কর্তৃপক্ষ। বুধবার সংস্থার মাসিক বোর্ড মিটিংয়ে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (এমটিএ) এই সিদ্ধান্তের বিষয়টি জানিয়েছে। এমটিএ'র সিদ্ধান্ত অনুযায়ী নতুন করে ৩ ডলার ভাড়া নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে সংস্থাটি জানিয়েছে, সম্পূর্ণভাবে ওমনি কার্ড সিস্টেমে রূপান্তরের পর ৩০ দিনের *৯-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ভাটেরা এসোসিয়েশনের পিকনিকে মিলনমেলা





শেষ পৃষ্ঠায় পর এ পিকনিকে অংশ নেন।

সংগঠনের সভাপতি শেখ রাজামিয়া তালুকদারের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হারুনুর রশিদ তালুকদার এবং যুগ্ম সম্পাদক ফরহাদুল ইসলাম লিটু সঞ্চালনায় পিকনিকে আমন্ত্রিত অতিথি ছিলেন প্রবীণ রাজনীতিবিদ লুৎফুর রহমান চৌধুরী হেলাল, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, সাপ্তাহিক পরিচয়ের সম্পাদক নাজমুল আহসান, এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেলস এর প্রেসিডেন্ট ও সিইও নজরুল ইসলাম, কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশনের উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, শাহেদ দেলওয়ার চৌধুরী, সাবেক সভাপতি আশরাফ আহমদ ইকবাল, সাবেক সাধারণ সম্পাদক জাবেদ আহমদ, সহ সভাপতি লুৎফুর রহমান, কোষাধ্যক্ষ্য ওবায়দুর রহমান কামাল, সংগঠক রেজাউল করিম রেনু, সংগঠক জাবেদ খসরু, কমিউনিটি এক্টিভিস্ট জামাল উদ্দিন লিটন, কয়ছর রশীদ, আফাজুর রহমান চৌধুরী ফাহাদ প্রমুখ।

পিকনিকে সার্বিক সহযোগিতা ও তত্বাবধানে ছিলেন সংগঠনের সহ সভাপতি সৈয়দ সালাউদ্দিন, সালমান আহমেদ সিদ্দিকী, এ এম আরাফাত, এনাম সিদ্দিকী, ওলিউর রহমান জাবেদ, সুমন আহমেদ , সৈয়দ টিপু,বাপ্পু তালুকদার, মোঃ শাহ আলম, শিপন আহমদ, শাহ রিপন, তরিকুল ইসলাম জুয়েল, আব্দুস সামাদ, শামীম আহমদ, জায়েদ তালুকদার সায়েম, শাহানাজ ইসলাম, ছায়েদ খান,তালুকদার সিদ্দিকী, তালুকদার এনাম, উপদেষ্টাদের মধ্য অধ্যাপক নজরুল ইসলাম, সৈয়দ দুদুমিয়া, মকবুল হোসেন, সাইফুল আলম সিদ্দিকী, মর্তুজা আলী।

র‍্যাফেল ড্র ও প্রতিযোগিতায় পুরস্কারের স্পন্সরদাতারা হলেন:-

১ ম পুরষ্কার এয়ার টিকেট সৌজন্যে সৈয়দ নাহিদ খসরু

২য় পুরষ্কার গোল্ড চেইন সৌজন্যে আকিব হোসাইন

৩য় পুরষ্কার সোনার আংটি সৌজন্যে নাসিমা আক্তার বাবলি

৪র্থ পুরষ্কার আই ফোন সৌজন্যে বশির খান

৫. পুরষ্কার কানের দুল সৌজন্যে তারেকুল ইসলাম জুয়েল

৬ ষ্ঠ পুরষ্কার ৬০ পিস ডিনার সেট সৌজন্যে মঞ্জুরুল ইসলাম মঞ্জু

৭ম পুরষ্কার অ্যাপল ওয়াচ সৌজন্যে আবরার মাল্টি সার্ভিস

৮ম পুরষ্কার সৌজন্যে টেলিভিশন বদরুল ইসলাম মিন্টু

৯ম পুরষ্কার ডিপ ফ্রিজ সৌজন্যে স্টারলিং ফার্মেসি

১০ম পুরষ্কার টেলিভিশন সৌজন্যে লুকমান হোসেন লকু

১১তম পুরষ্কার এয়ার কন্ডিশনার সৌজন্যে ফারুক মিয়া (সাধু)

১২তম পুরষ্কার এয়ার কুলার সৌজন্যে সায়েদ খান

১৩ তম পুরষ্কার বাই সাইকেল সৌজন্যে আব্দুল মান্নান তাজু

১৪ তম পুরষ্কার অ্যাপল এয়ারপড সৌজন্যে সুমন আহমেদ

১৫ তম পুরষ্কার মাইক্রো ওভেন সৌজন্যে জসিম খান।





















আল্লাহ সর্বশক্তিমান



দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার বিশেষ নির্দেশনায়

বাংলাদেশের রাজনীতির এই সংকটময় মুহূর্তে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগকে ঐক্যবদ্ধ করতে
অবিচল নিষ্ঠা ও নেতৃত্বের স্বীকৃতিস্বরূপ এমদাদ এইচ. ভূঁইয়া [রাজু] এই গুরুত্বপূর্ণ দায়িত্বপ্রাপ্ত হয়েছেন।

শুভেচ্ছা ও অভিনন্দন

এমদাদ এইচ. ভূঁইয়া (রাজু)

যুগ্ম সাধারণ সম্পাদক, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ

ড. সিদ্দিকুর রহমান
সভাপতি,
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

আব্দুস সামাদ আজাদ
সাধারণ সম্পাদক,
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

প্রচারে: যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ



“
এই আস্থার জন্য জননেত্রী শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা

দলীয় ঐক্যে অটুট থেকে, প্রবাসে আওয়ামী লীগকে শক্তিশালী করে, আন্তর্জাতিক পরিসরে দেশের মর্যাদা রক্ষা ও জননেত্রী শেখ হাসিনার ভিশন বাস্তবায়নে আমি প্রতিশ্রুতিবদ্ধ

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

জুলাই গণ অভ্যুত্থান
অন্তর্বর্তী সরকারের করণীয় ও রাজনৈতিক ঐক্যের প্রয়োজনীয়তা

২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে যে গণ অভ্যুত্থানের সাক্ষী হয়েছে দেশ, তা আমাদের রাজনৈতিক বাস্তবতার এক নির্মম চিত্র তুলে ধরেছে। সুশাসনের অভাব, রাজনৈতিক অনিশ্চয়তা, ও নাগরিক অধিকারের সংকোচন-এসব কারণেই রাজপথে নেমে এসেছে হাজারো মানুষ। এই অভ্যুত্থান কেবলই একটি রাজনৈতিক প্রতিবাদ নয়, বরং তা ছিল জনগণের দীর্ঘদিনের পুঞ্জীভূত ক্ষোভ ও প্রত্যাশার স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশ।

শিক্ষার্থী ও জনগণের ঐক্যবদ্ধ আন্দোলনে স্বৈরাচারী আওয়ামী লীগ সরকারের পতন ঘটেছে। ১ বছর আগে অধ্যাপক ড. মোহাম্মদ ইউনুসের নেতৃত্বে নতুন বাংলাদেশ এর স্বপ্ন বাস্তবায়নে অন্তবর্তী সরকার দায়িত্ব গ্রহণ করেছে।

এমন প্রেক্ষাপটে অন্তর্বর্তী সরকারের দায়িত্ব এখন শুধুমাত্র শাসন করা নয়, বরং জাতিকে একটি গ্রহণযোগ্য, স্থিতিশীল ও গণতান্ত্রিক ভবিষ্যতের দিকে নিয়ে যাওয়া। এজন্য তাদের করণীয়গুলো হতে হবে সুস্পষ্ট, কার্যকর এবং আস্থাশীল।

অন্তর্বর্তী সরকারের করণীয়:

নিরপেক্ষ নির্বাচনের প্রস্তুতি: একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য প্রয়োজন নিরপেক্ষ প্রশাসন, শক্তিশালী নির্বাচন কমিশন এবং সকল দলের জন্য সমান সুযোগ। সরকারকে দ্রুত একটি নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করতে হবে।

গণচেতনার প্রতি শ্রদ্ধা: অভ্যুত্থানের মাধ্যমে জনগণ যে বার্তা দিয়েছে, সেটি হেলাফেলা করলে আরও বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। সরকারের উচিত শান্তিপূর্ণ প্রতিবাদকে সম্মান জানানো ও দাবি-দাওয়া পর্যালোচনা করা।

সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠা: দুর্নীতি দমন, ন্যায্যতা নিশ্চিতকরণ এবং প্রশাসনিক স্বচ্ছতা-এসব কার্যক্রমের মাধ্যমে সরকারকে আস্থা ফিরিয়ে আনতে হবে।

জাতীয় সংলাপের উদ্যোগ: সকল রাজনৈতিক দলের অংশগ্রহণে একটি অন্তর্ভুক্তিমূলক সংলাপই পারে জাতিকে ঐক্যবদ্ধ করতে। এই সংলাপ হতে হবে বাস্তবসম্মত এবং সময়োপযোগী।

রাজনৈতিক দলের সমর্থনের প্রয়োজনীয়তা: গণতান্ত্রিক রূপান্তর কেবল অন্তর্বর্তী সরকারের একক প্রচেষ্টায় সম্ভব নয়। বরং, সকল রাজনৈতিক দলের গঠনমূলক সমর্থন ও অংশগ্রহণ ছাড়া তা ব্যর্থ হওয়ার ঝুঁকিতে পড়বে।

দায়িত্বশীল ভূমিকা: রাজনৈতিক দলগুলোকে এখন দলীয় স্বার্থের উর্ধ্বে উঠে জাতীয় স্বার্থে ঐক্যবদ্ধ হতে হবে। হিংসা-বিদ্বেষের রাজনীতি পরিহার করে গঠনমূলক প্রস্তাব ও সমালোচনার মাধ্যমে সহযোগিতা করা সময়ের দাবি।

জনগণের আস্থা ফেরানো: জনগণ দীর্ঘদিন ধরে নেতৃত্বের মধ্যে আস্থার সংকটে ভুগছে। রাজনৈতিক দলগুলোর উচিত কর্মসূচি ও নীতির মাধ্যমে প্রমাণ করা যে তারা সত্যিকার অর্থে জনগণের পাশে আছে।

আন্দোলন নয়, আলোচনায় সমাধান: বর্তমান পরিস্থিতিতে হঠাৎ আন্দোলন, হরতাল বা সহিংসতার ডাক না দিয়ে সংলাপ ও আলোচনা ভিত্তিক সমাধানের পথ বেছে নেওয়াই সঠিক কৌশল।

জুলাই গণ অভ্যুত্থান আমাদের চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিয়েছে যে, দেশে পরিবর্তনের দাবি এখন আর কাগজে-কলমে সীমাবদ্ধ নয়-এটি এখন রাজপথের বাস্তবতা। অন্তর্বর্তী সরকারের দায়িত্ব এই দাবিকে সঠিক পথে রূপান্তর করা, এবং রাজনৈতিক দলগুলোর উচিত এই জাতীয় পুনর্গঠনে সহায়তা করা। বিভেদ নয়-এখন সময় ঐক্যের, আলোচনার এবং আশার নতুন পথ তৈরির।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

জুলাই কি পথ হারাবে

অরুণ কর্মকার



একটি সফল গণ-অভ্যুত্থানের মাত্র এক বছরের মধ্যে প্রশ্নটি সর্বব্যাপী হয়ে উঠেছে। কারণ, জুলাই গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে যে বৈষম্যহীন অন্তর্ভুক্তিমূলক গণতান্ত্রিক দেশ এবং 'দায় ও দরদের সমাজ' গড়ার প্রত্যয় ব্যক্ত করা হয়েছিল, গত এক বছরের চলার পথ তার ধারেকাছেও নেই। বরং এক বছর ধরে দেশবাসী দেখে এসেছে, ক্রমান্বয়ে তারা একটি দায়হীন, বেদরদি ও নির্লিপ্ত শাসনব্যবস্থার অধীনস্থ হয়ে পড়েছে। যে স্বৈরাচারী শাসনব্যবস্থা থেকে মুক্তির স্বপ্ন তাদের উজ্জীবিত করেছিল, গত এক বছরে ওই দায়হীন নির্লিপ্ততা ছাড়া উল্লেখযোগ্য কিছুই তারা দেখেনি, যা সেই স্বৈরতান্ত্রিক ব্যবস্থা থেকে আলাদা কিছু। ফলে দেশের রাজনৈতিক ভবিষ্যৎ এবং আর্থসামাজিক অগ্রগতির বিষয়ে শঙ্কা সৃষ্টি হয়েছে। কেননা, জুলাইকে তারা গ্রহণ করেছিল ভরসাস্থল হিসেবে। অভ্যুত্থানের এক বছর পর আজকের যে বাস্তবতা, তা দেশবাসীর কাছে একেবারেই ভিন্ন।

এক বছর আগে, কিংবা সুনির্দিষ্টভাবে বলতে গেলে গত বছরের ৮ আগস্ট অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পর জাতীয়ভাবেই একটি অভিমত প্রকাশিত হয়েছিল যে, অন্তর্বর্তী সরকারকে ব্যর্থ হতে দেওয়া যাবে না। কেননা, জাতীয় প্রত্যাশা ছিল জুলাই গণ-অভ্যুত্থান দেশের সামনে যে বৈষম্যহীন অন্তর্ভুক্তিমূলক ও গণতান্ত্রিক রূপান্তরের অমিত সুযোগ সৃষ্টি করে দিয়েছে, তা কোনোভাবেই হারানো যাবে না। এই অন্তর্বর্তী সরকারই পারবে সেই রূপান্তরিত বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য একটি দৃঢ় ভিত্তি রচনা করতে। কিন্তু আজকের জাতীয় আলোচনা হলো, বাংলাদেশ কি এবারও সুযোগ হারাল? প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস যে ছাত্রনেতাদের তাঁর নিয়োগকর্তা বলে অভিহিত করেছেন, সেই ছাত্রনেতারাই তাঁর সরকারের অদক্ষতা, নির্লিপ্ততার কড়া সমালোচনা করছেন। তাঁর বিরুদ্ধে স্বজনপ্রীতির অভিযোগ তুলে কোনো কোনো উপদেষ্টার প্রস্থানও দাবি করছেন।

জুলাই গণ-অভ্যুত্থানের প্রধান চালিকাশক্তি ছিল বৃহত্তর রাজনৈতিক-সামাজিক ঐক্য। সব মত-পথ-ধর্ম-বর্ণের মানুষ সেখানে শামিল হয়েছিল। সব ব্যক্তি-গোষ্ঠীর আকাঙ্ক্ষা এক বিন্দুতে মিলিত হয়েছিল। তারই সম্মিলিত ফল ছিল গণ-অভ্যুত্থানের বিজয়। কিন্তু অন্তর্বর্তী সরকার সেই বৃহত্তর ঐক্য বজায় রাখতে কোনো ভূমিকাই রাখতে পারেনি। ফলে যে রাজনৈতিক বিভাজন সৃষ্টি হয়েছে, তা অভ্যুত্থানের চালিকাশক্তিকে ছিন্নভিন্ন করে গণ-আকাঙ্ক্ষার বাস্তবায়নকে প্রায় অসম্ভব করে তুলেছে। এই রাজনৈতিক বিভাজনের পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে, নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থতা কিংবা নির্লিপ্ততা সামাজিক পরিস্থিতিকে আরও ভীতিকর করে তুলেছে। এসবের অনিবার্য পরিণতি হলো পুরোনো ব্যবস্থার প্রবর্তন। সম্পূর্ণ পুরোনো ব্যবস্থা না হলেও, মৌলিক পরিবর্তনহীন একটি ব্যবস্থার প্রবর্তন তো বটেই। বাস্তব পরিস্থিতি যখন এই শঙ্কা সৃষ্টি করেছে, তখন সরকার এবং রাজনৈতিক দলগুলো ভূত দেখছে-আওয়ামী লীগের ভূত। যেখানে যা কিছু অঘটন ঘটছে তার পেছনেই আওয়ামী লীগের ছায়া এবং ষড়যন্ত্র দেখছে। স্মরণযোগ্য, একইভাবে আওয়ামী লীগ সরকারও সবকিছুর পেছনে বিএনপি-জামায়াতের ষড়যন্ত্র দেখতে পেত।

জুলাই গণ-অভ্যুত্থানের অন্যতম প্রধান আকাঙ্ক্ষা বা লক্ষ্য ছিল রাষ্ট্র মেরামত বা সংস্কার। সম্প্রতি প্রধান উপদেষ্টা বলেছেন, সংস্কার গভীর না হলে, মনের গভীরে সংস্কার করতে না পারলে ঘুরেফিরে স্বৈরাচারী ব্যবস্থা ফিরে আসতে পারে। এর আগে তিনি কম সংস্কার এবং বেশি সংস্কারের কথা বলেছিলেন নির্বাচনের সময় নির্ধারণের প্রশ্নে। এই সংস্কার নিয়ে আলোচনা, বৈঠক, অধ্যবসায় অনেক দিন ধরেই অব্যাহতভাবে চলছে। সংস্কার সম্পর্কে আলোচনায় অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোর কাছ থেকে যা জানা-শোনা যায়, তাতে চলমান সংস্কারপ্রক্রিয়া বিশেষ কোনো মৌলিক পরিবর্তন নিয়ে আসবে, সেই সম্ভাবনা এখনো সৃষ্টি হয়নি। হয়তো এখনো গভীর সংস্কার করার মতো বা হওয়ার মতো যথেষ্ট সময় আছে। আমরা হয়তো ঠিকঠাক জানি না কিংবা বুঝতে পারছি না। তবে একটি বিষয় দেশবাসী বুঝতে পারছে যে মৌলিক সংস্কার, গভীর সংস্কার নিয়ে অনেক প্রশ্ন আছে। জটিলতাও আছে।

সংস্কারের পাশাপাশি বিচারের প্রক্রিয়াও চলমান আছে। শুরু করা হয়েছে নির্বাচনের প্রক্রিয়াও। তবে সেটা কতটা বাস্তবানুগ আর কতটা রাজনৈতিক দলগুলোকে বুঝ দেওয়ার জন্য, আমরা জানি না। সন্দেহটা রাজনৈতিক দলগুলোর মধ্য থেকেই বাতাসে ছড়াচ্ছে। আরেকটি বিষয় একেবারে ভিন্নমাত্রা পেয়েছে। সেটি হলো চাঁদাবাজি। শুধু চাঁদাবাজি বলে এই ভিন্নমাত্রার বিষয়টি বোঝানো সম্ভব নয়। কারণ, চাঁদাবাজি স্বৈরশাসকদের সময়েও ছিল। গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়েও ছিল। অন্তর্বর্তী সরকার গঠনের পরও অব্যাহতভাবে আছে। কেবল পরিবর্তন হয়েছিল চাঁদাবাজদের। পুরোনোদের স্থান দখল করেছিল নতুনেরা। তাতে প্রধান অভিযুক্ত ছিল বিএনপির নেতা-কর্মী হিসেবে পরিচিতরা।

এমন অনেকের বিরুদ্ধে বিএনপি দলীয়ভাবে শাস্তিমূলক ব্যবস্থাও নিয়েছে।

এখন চাঁদাবাজির ক্ষেত্রে আবির্ভাব ঘটেছে আরও নতুনদের। তাঁদের প্রধান পরিচয় জুলাই অভ্যুত্থানে বিভিন্ন পর্যায়ে নেতৃস্থানীয় হিসেবে। এদের অনেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা। কেউ কেউ এনসিপির নেতৃত্বে আছেন। এদের আবির্ভাব নতুন করে হয়েছে বলাটাও বোধ হয় সঠিক নয়। কেননা, চাঁদাবাজি তাঁরা করে এসেছেন প্রায় এক বছর ধরেই, নিয়ন্ত্রণহীনভাবে। উমামা ফাতেমাসহ কয়েকজনের প্রকাশ্য বক্তব্যে সে সম্পর্কে জানাও যায়। তবে তাঁদের চাঁদাবাজির ব্যাপকতার উদ্ঘাটন অপেক্ষাকৃত সাম্প্রতিক। ইতিমধ্যে দল ও সংগঠনের পক্ষ থেকে কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া হয়েছে। কিন্তু সমস্যা সেই পুরোনো আমলেরই-যে ধরা পড়ে তার চাঁদাবাজির ব্যাপকতা সম্পর্কে জানা যায়। দলীয়ভাবে শাস্তিও হয়তো পায়। কিন্তু যাঁরা ধরাছোঁয়ার বাইরে থাকেন বা আছেন, তাঁদের নিয়ন্ত্রণ করা যাবে কীভাবে? সংশ্লিষ্ট দলগুলো কি এমন একটি ঘোষণা দিতে পারে না যে, কেউ তাদের দলের নামে চাঁদা চাইলে যেন তাদেরকে জানানো হয়। অথবা পুলিশে খবর দেওয়া হয়। এই সামান্য কাজটা কেন কোনো দল করছে না, তা বোঝা দায়।

এর পাশাপাশি মবোক্রেসি (প্রেশারোক্রেসিও বলা যেতে পারে) সংখ্যায় কিছুটা কম হলেও অব্যাহত আছে। অব্যাহত আছে সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর নির্যাতনও। অন্তর্বর্তী সরকারের শুরুর দিকে সংখ্যালঘু নির্যাতনের অজুহাত ছিল আওয়ামী লীগের দোসর এবং ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়া। এখন ধর্মীয় অনুভূতিতে আঘাতটাই হয়ে উঠেছে প্রধান। এগুলো নিয়ন্ত্রণে রাষ্ট্র বিস্ময়করভাবে নির্লিপ্ত।

এই যে রাজনৈতিক অনৈক্য, গভীর সংস্কারে জটিলতা, আইনশৃঙ্খলার দৃশ্যমান কোনো উন্নতি না হওয়া, নিয়ন্ত্রণহীন চাঁদাবাজি, সামাজিক অস্থিরতা-এর কোনোটিই কি জুলাইয়ের আকাঙ্ক্ষার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ! না হলে এগুলো চলছে কী করে? চলছে কারণ চলতে দেওয়া হচ্ছে। হয়তো জুলাইকে বিপথগামী করার জন্যই। স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার পর গত ৫৪ বছরে যে জাতীয় মূল্যবোধ, নৈতিকতা, মানবিকতা অর্জন করতে আমরা ব্যর্থ হয়েছি, সেই ব্যর্থতার অবসান ঘটানোই ছিল জুলাই গণ-অভ্যুত্থানের গণ-আকাঙ্ক্ষা। দেশ কি সেই আকাঙ্ক্ষা বাস্তবায়নের পথে এগোচ্ছে? না হলে, জুলাই গণ-অভ্যুত্থানও কি পথ হারাবে?

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক

গণ-অভ্যুত্থানে শহীদ ১৩৩ শিশু



বিশ্লেষণে দেখা গেছে, শহীদ শিশুদের মধ্যে ৯১ জন শিক্ষার্থী, যা মোট শিশু মৃত্যুর ৬৮ শতাংশ। অন্য শিশুদের কেউ দোকানকর্মী, কেউ পোশাক কারখানার কর্মী, কেউ নির্মাণশ্রমিক, কেউ হকার আবার কেউবা ক্ষুদ্র ব্যবসায় জড়িত ছিল।

বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই গণ-অভ্যুত্থানে কমপক্ষে ১৩৩ শিশু শহীদ হয়েছে। তাদের মধ্যে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের পাশাপাশি বিভিন্ন ধরনের শ্রমে নিয়োজিত শিশুরাও রয়েছে। এই শিশুদের মধ্যে গুলিবিদ্ধ হয়েছিল ১১৭ জন। অনুসন্ধানে এ তথ্য উঠে এসেছে।

শহীদ হওয়া সবচেয়ে ছোট শিশুর বয়স ৪ বছর, নাম আবদুল আহাদ। রাজধানীর যাত্রাবাড়ীর রায়েরবাগে নিজ বাসার বারান্দায় গত বছরের ১৯ জুলাই গুলিবিদ্ধ হয়েছিল সে। পরদিন ২০ জুলাই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যাকেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

আহাদের মতোই বাসায় থেকে গুলিবিদ্ধ হয়ে মারা গেছে আরও তিন শিশু। তারা হলো রাজধানীর মিরপুরে সাফকাত সামির (১০), উত্তরায় নাঈমা সুলতানা (১৫) ও নারায়ণগঞ্জে রিয়া গোপ (৬)।

আর গণ-অভ্যুত্থানে প্রথম কোনো শিশুর মৃত্যুর ঘটনা ঘটে ১৭ জুলাই। মো. সিয়াম (১৫) নামের ওই শিশু ভোলা থেকে ঢাকায় খালাতো ভাইয়ের বাসায় বেড়াতে এসেছিল।

সিয়ামের খালাতো ভাই মো. রাসেল হোসেন বলেন, ১৭ জুলাই যাত্রাবাড়ীতে হানিফ ফ্লাইওভারের নিচে গুলিবিদ্ধ হয়ে মারা যায় সিয়াম। সে অষ্টম শ্রেণিতে পড়ত।

শিশু বলতে ১৮ বছরের কম বয়সীদের বোঝানো হয়েছে। বাংলাদেশের শিশু আইন ২০১৩ অনুযায়ী, ১৮ বছরের কম বয়সী সবাই শিশু।

জুলাই গণ-অভ্যুত্থানে শহীদদের সরকারি তালিকায় যাঁদের নাম এসেছে, তাঁদের মধ্যে ৮১০ জনের বিষয়ে সুনির্দিষ্ট তথ্য সংগ্রহ করেছে। গত ১৫ জুন থেকে ১৫ জুলাই পর্যন্ত এক মাস এই ৮১০ জনের প্রত্যেকের পরিবারের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিবেদক ও প্রতিনিধিরা। এসব পরিবারের সদস্যদের দেওয়া তথ্য বিশ্লেষণ করা হয়েছে। এই কাজে যুক্ত ছিলেন আমাদের প্রতিবেদক ও প্রতিনিধিবৃন্দ।

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের গেজেট অনুযায়ী, ২ আগস্ট পর্যন্ত শহীদদের তালিকায় ৮৪৪ জনের নাম ছিল। তবে গতকাল রোববার (৩ আগস্ট) রাতে ৮ জনের নাম বাদ দিয়ে আরেকটি গেজেট করেছে মন্ত্রণালয়। রাত ৯টার দিকে প্রকাশ করা এই গেজেট অনুযায়ী, শহীদের সংখ্যা এখন ৮৩৬ জন।

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সূত্র জানায়, তালিকা থেকে যে আটজনের নাম বাতিল করা হয়েছে, তাতে এক শিশুসহ চারজনের নাম দুবার ছিল। অন্য চারজন সরাসরি জুলাই আন্দোলনে সম্পৃক্ত ছিলেন না।

অনুসন্ধানেও এক শিশুর নাম সরকারি তালিকায় দুবার থাকার বিষয়টি শনাক্ত হয়েছিল। শহীদ হওয়া শিশুদের যে তথ্য বিশ্লেষণ করেছে, তাতে ওই শিশুকে একবারই গণনা করা হয়েছে।

বিশ্লেষণে দেখা গেছে, শহীদ হওয়া শিশুদের মধ্যে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী ৯১ জন। আর অনানুষ্ঠানিক বিভিন্ন খাতে শ্রমিক হিসেবে কাজ করত ৪১ জন। এর বাইরে চার বছর বয়সী আহাদও রয়েছে।

বেঁচে থাকলে এ বছরের জানুয়ারি থেকেই স্কুলে যেত আহাদ। তার মৃত্যুর দুই মাস পর রায়েরবাগের বাসা ছেড়ে মিরপুর-১ নম্বর এলাকায় চলে যায় পরিবারটি। ১১ জুলাই নতুন বাসায় গিয়ে আহাদের বাবা আবুল হাসানের সঙ্গে কথা বলেন এই প্রতিবেদক।

সেদিনের ঘটনা সম্পর্কে আবুল হাসান বলেন, রায়েরবাগে ১১ তলা একটি ভবনের ৮ তলায় থাকতেন (ভাড়া বাসায়) তাঁরা। সেদিন শুক্রবার ছিল, যে কারণে তিনি বাসাতেই ছিলেন। আহাদ ঘরে খেলছিল। হঠাৎ নিচ থেকে বিকট শব্দ শুনে তিনি, তাঁর স্ত্রী ও আহাদ বারান্দায় গিয়ে দাঁড়ান। আহাদ ছিল মাঝে। তৎকালীন আওয়ামী লীগ সরকারের সমর্থনে হেলমেট পরা অস্ত্রধারীরা আন্দোলনকারীদের দিকে গুলি ছুড়ছিল, হাত উঁচু করে ওপরের দিকেও গুলি করছিল তারা। ওই সময় আহাদের ডান চোখে গুলি লাগে...সেই গুলি চোখ ভেদ করে মাথায় বিদ্ধ হয়। কথা বলার এক পর্যায়ে নীরব হয়ে যান তিনি। কিছুক্ষণ পর বললেন, ছেলেকে ছাড়া কিছু ভালো লাগে না।

ছোট্ট আহাদকে যারা গুলি করে হত্যা করেছে, তাদের কঠোর শাস্তি চান বাবা আবুল হাসান।

অনুসন্ধানে দেখা যায়, ২০২৪ সালের ১৬ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ছাত্র-জনতার বিক্ষোভ দমনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি আওয়ামী লীগ (এখন কার্যক্রম নিষিদ্ধ) এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের অনেক নেতা-কর্মী হামলা ও গুলি করেছিলেন।

গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পরও বিভিন্ন এলাকায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা গুলি ছুড়েছেন। সে সময়ও অনেকে শহীদ হয়েছেন। যেমন উত্তরার জাবির ইব্রাহিম (৬)। মা-বাবার সঙ্গে বিজয় মিছিলে গিয়ে সে গুলিবিদ্ধ হয়ে মারা যায়।

৬-এর পৃষ্ঠায় দেখুন

২৪ দফা ইশতেহার: নতুন সংবিধান রচনার ঘোষণা এনসিপির

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা:* 'ফ্যাসিবাদ পতন'-এর বর্ষপূর্তিতে আজ রোববার কেন্দ্রীয় শহীদ মিনারে এক জনসমাবেশে 'নতুন বাংলাদেশের ইশতেহার' ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। ২৪ দফার এই ইশতেহারে দ্বিতীয় প্রজাতন্ত্র গঠনের আহ্বান জানিয়ে আগামী দিনের রাষ্ট্র ও রাজনীতির কাঠামো পুনর্গঠনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

রোববার সন্ধ্যা ৬টার দিকে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে ইশতেহার পাঠ করেন এনসিপির আহ্বায়ক মো. নাহিদ ইসলাম। তিনি বলেন, এই ইশতেহার মূলত আগামী বাংলাদেশের কাঠামোগত রূপরেখা, যার ভিত্তিতে এনসিপি ভবিষ্যতের রাজনীতি পরিচালনা করবে।

এ সময় নাহিদ বলেন, 'আজ থেকে ঠিক এক বছর আগে এই শহীদ মিনারে দাঁড়িয়ে আমরা ফ্যাসিবাদী শাসনব্যবস্থার পতনের ডাক দিয়েছিলাম। ছাত্র-শ্রমিক-জনতার আত্মত্যাগের বিনিময়ে সে ব্যবস্থা পরাজিত হয়েছে। কিন্তু আমরা জানতাম, কেবল শাসক বদল নয়, শাসনব্যবস্থার মৌলিক পরিবর্তন ছাড়া মুক্তি মিলবে না। আমরা গত ২৮ ফেব্রুয়ারি এনসিপি গঠন করেছি সেই পরিবর্তনের পথ তৈরির জন্য। ২৪ দফা বাস্তবায়নই আমাদের সে পথের রূপরেখা।'

এনসিপির ইশতেহারে প্রথম দফায় একটি নতুন সংবিধান রচনার মধ্য দিয়ে সেকেন্ড রিপাবলিক প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। দ্বিতীয় দফায় জুলাই গণহত্যা, শাপলা গণহত্যা, বিডিআর হত্যাকাণ্ড, গুম ও বিচারবহির্ভূত হত্যাসহ আওয়ামী লীগের সংঘটিত সব মানবতাবিরোধী অপরাধের দৃষ্টান্তমূলক বিচার ও শাস্তি নিশ্চিতের অঙ্গীকার করেছে এনসিপি।

তৃতীয় ও চতুর্থ দফায় যথাক্রমে গণতন্ত্র ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সংস্কার এবং ন্যায়ভিত্তিক বিচারব্যবস্থা ও আইন সংস্কারের কথা বলা হয়েছে।


ইশতেহারের পঞ্চম দফায় যেকোনো দুর্নীতির দ্রুত বিচার ও সর্বোচ্চ শাস্তির বিধান করার প্রতিশ্রুতি দিয়েছে এনসিপি। এ লক্ষ্যে সরকারের যেকোনো দাপ্তরিক দুর্নীতির তথ্য প্রকাশকারী ব্যক্তিকে বিশেষ আইনি সুরক্ষা দিতে 'হুইসেলব্লোয়ার প্রটেকশন' আইন প্রণয়ন এবং বিদ্যমান সব আইনি কাঠামোর যথাযথ সংস্কারের কথা বলা হয়েছে। এ ছাড়া পরিবার ও সমাজে দুর্নীতিবিরোধী মূল্যবোধ তৈরি ও সচেতনতা বাড়ানোর লক্ষ্যে শিক্ষা কারিকুলামে আমূল পরিবর্তন এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় বিশেষ কর্মসূচি চালুর কথা বলেছে দলটি।

ইশতেহারের ষষ্ঠ দফায় জনবান্ধব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কথা বলা হয়েছে। এ লক্ষ্যে ঔপনিবেশিক আমলের ১৮৬১ ও ১৮৯৮ সালের পুলিশ আইন যুগোপযোগী করা, একটি স্থায়ী পুলিশ কমিশন গঠন, র‍্যাব বিলুপ্ত করা এবং গোয়েন্দা সংস্থাকে রাজনৈতিক স্বার্থে ও মানবাধিকার লঙ্ঘনে ব্যবহার বন্ধ করতে সুস্পষ্ট আইনি কাঠামো তৈরির প্রতিশ্রুতি দিয়েছে এনসিপি।

ইশতেহারের অন্য দফাগুলোয় সেবামুখী প্রশাসন ও দুর্নীতি দমন; জনবান্ধব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী; গ্রাম পার্লামেন্ট ও স্থানীয় সরকার; স্বাধীন গণমাধ্যম ও শক্তিশালী নাগরিক সমাজ; সর্বজনীন স্বাস্থ্য; জাতি গঠনে শিক্ষানীতি; গবেষণা উদ্ভাবন ও তথ্যপ্রযুক্তি বিপ্লব; ধর্ম, সম্প্রদায় ও জাতিসত্তার মর্যাদা; নারীর নিরাপত্তা, অধিকার ও ক্ষমতায়ন; মানবকেন্দ্রিক ও কল্যাণমুখী অর্থনীতি; তারুণ্য ও কর্মসংস্থান; বহুমুখী বাণিজ্য ও শিল্পায়ন নীতি; টেকসই কৃষি ও খাদ্য সার্বভৌমত্ব; শ্রমিক-কৃষকের অধিকার; জাতীয় সম্পদ ব্যবস্থাপনা; নগরায়ণ, পরিবহন ও আবাসন পরিকল্পনা; জলবায়ু সহনশীলতা ও নদী-সমুদ্র রক্ষা; প্রবাসী বাংলাদেশির মর্যাদা ও অধিকার; বাংলাদেশপন্থী পররাষ্ট্রনীতি ও জাতীয় প্রতিরক্ষা কৌশল বিষয়ে বিস্তারিত বক্তব্য তুলে ধরা হয়।

সমাবেশে দলের জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা বলেন, 'আমাদের রাজনীতি সমস্যা সমাধানের রাজনীতি। আমরা এমন স্বাস্থ্যব্যবস্থা গড়ব, যেখানে টাকার অভাবে কেউ মরবে না। তরুণদের স্বপ্নকে দমিয়ে না রেখে রাজনীতিতে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করব।'

দলের জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব বলেন, 'গত ১৫ বছরে খুনি আওয়ামী লীগ সন্ত্রাসী সংগঠন আমাদের



জুলাই ঘোষণাপত্র ও সনদের দাবিতে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে এনসিপির সমাবেশে অংশগ্রহণকারী নেতা-কর্মীদের একাংশ। সমাবেশ থেকে 'নতুন বাংলাদেশের ইশতেহার' পাঠ করেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম।

গণ-অভ্যুত্থানে শহীদ ১৩৩ শিশু

৫-এর পৃষ্ঠার পর

৬৮% শিক্ষার্থী

বিশ্লেষণে দেখা গেছে, শহীদ হওয়া শিশুদের মধ্যে মেয়েশিশু চারজন। তারা হলো রিয়া গোপ (৬), নাঈমা সুলতানা (১৫), রিতা আক্তার (১৭) ও নাফিসা হোসেন মারওয়া (১৭)। তাদের মধ্যে রিয়া বাসার ছাদে ও নাঈমা বাসার বারান্দায় গুলিবিদ্ধ হয়ে মারা গেছে। রিতা ও নাফিসা আন্দোলনে অংশ নিয়েছিল। দুজনই গুলিবিদ্ধ হয়ে মারা গেছে।

গত বছরের ১৯ জুলাই বিকেলে উত্তরার বাসার বারান্দায় শুকাতে দেওয়া কাপড় আনতে গিয়ে মাথায় গুলিবিদ্ধ হয়ে মারা যায় নাঈমা। সে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে দশম শ্রেণিতে পড়ত।

নাঈমার মা আইনুন নাহার বলেন, 'নিজের বাসায় এভাবে অনিরাপদ হয়ে পড়ব, ভাবিনি। সবকিছুতে এখন আমাদের ভয় ঢুকে গেছে...। নাঈমা চিকিৎসক হতে চেয়েছিল। সব শেষ...।'

বিশ্লেষণে দেখা গেছে, শহীদ শিশুদের মধ্যে ৯১ জন শিক্ষার্থী, যা মোট মৃত্যুর ৬৮ শতাংশ। অন্য শিশুদের কেউ দোকানকর্মী, কেউ পোশাক কারখানার কর্মী, কেউ নির্মাণশ্রমিক, কেউ হকার আবার কেউবা ক্ষুদ্র ব্যবসায় জড়িত ছিল।

শহীদ শিশুদের মধ্যে একজনকে খুব কাছ থেকে পুলিশ একের পর এক গুলি করেছিল। ঘটনাটি ২০ জুলাইয়ের। যাত্রাবাড়ীর কাজলা পদচারী-সেতুর কাছে পুলিশের নৃশংসতায় শহীদ হয় ইমাম হাসান তায়িম ভূঁইয়া (১৭)। এ ঘটনার একটি ভিডিও তখন ভাইরাল হয়েছিল।

তায়িম পড়ত নারায়ণগঞ্জের সরকারি আদমজীনগর এমডব্লিউ কলেজে। তার বড় ভাই রবিউল আউয়াল বলেন, 'তায়িমের শোকে বাবা স্ট্রোক করেছেন। তাঁর এক হাতের ৭০ শতাংশ এখন পক্ষাঘাতগ্রস্ত। মা সব সময় বিষণ্ন থাকেন। তায়িম হত্যার বিচার চাই আমরা।'

৮৮% গুলিবিদ্ধ

গুলিবিদ্ধ আস সাবুরের (১৪) অর্ধপোড়া লাশ পেয়েছিল পরিবার। সে ঢাকার অদূরে আশুলিয়ায় শাহীন স্কুল অ্যান্ড কলেজের দশম শ্রেণির ছাত্র ছিল।

সাবুরের বড় ভাই রিজওয়ানুল ইসলাম বলেন, ৫ আগস্ট সকাল থেকে আন্দোলনে ছিল সাবুর। দুপুর ১২টার দিকে সাবুর তাঁকে ফোন করে বলে, থানা থেকে প্রচণ্ড গুলি করা হচ্ছে। এটা শুনে তিনি সাবুরকে বাড়ি ফিরে আসতে বলেন। তবে সে বাড়ি ফেরেনি। পরদিন ৬ আগস্ট সাবুরের লাশ পান তাঁরা।

রিজওয়ানুল বলেন, 'ছাত্র-জনতার আন্দোলন দমন করতে গুলি করার নির্দেশ শেখ হাসিনাই দিয়েছিলেন, এটি এখন নানাভাবে প্রমাণিত। আমরা চাই হত্যাকাণ্ডের সঙ্গে যারা জড়িত, তাদের প্রত্যেকের যেন দৃষ্টান্তমূলক শাস্তি হয়।'


বিশ্লেষণে দেখা গেছে, যত শিশু শহীদ হয়েছে, তাদের ৮৮ শতাংশই গুলিবিদ্ধ হয়েছিল।

গণ-অভ্যুত্থানে শহীদ হওয়া কয়েকজন শিশুর নাম এখনো মানুষের মুখে মুখে। তাদের একজন পুরান ঢাকার গেন্ডারিয়া আদর্শ উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র শাহারিয়ার খান আনাস (১৬)। ৫ আগস্ট বাড়িতে চিঠি লিখে সে যোগ দিয়েছিল বিক্ষোভে। চিঠিতে সে লিখেছিল, 'মা, আমি মিছিলে যাচ্ছি। নিজেকে আর আটকে রাখতে পারলাম না। মৃত্যুর ভয়ে স্বার্থপরের মতো ঘরে বসে না থেকে সংগ্রামে নেমে গুলি খেয়ে বীরের মতো মৃত্যু অধিক শ্রেষ্ঠ।' ওই দিন রাজধানীর চানখাঁরপুলে গুলিতে মৃত্যু হয় আনাসের।

রাজধানীর মোহাম্মদপুরের মোহাম্মদ ফারহানুল ইসলাম ভূঁইয়া (১৭) সামাজিক যোগাযোগমাধ্যমে 'ফারহান ফাইয়াজ' নামে অ্যাকাউন্ট খুলেছিল। এ নামেই পরিচিত ছিল সে। ১৮ জুলাই গুলিবিদ্ধ হয়ে তার মৃত্যু হয়। এর এক দিন আগে নিজের ফেসবুক অ্যাকাউন্টে ইংরেজিতে সে যা লিখেছিল, তার বাংলা অনুবাদ এ রকম, 'একদিন পৃথিবী ছেড়ে চলে যেতে হবে। এমন জীবন গড়ো, যাতে মৃত্যুর পর মানুষ তোমাকে মনে রাখে।'

'এটা ছিল গণহত্যা'

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত হত্যাকাণ্ডকে গণহত্যা বলে মনে করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধূরী। তিনি আরো বলেন, শিশু-কিশোরসহ নিরস্ত্র মানুষ হত্যার এই ঘটনা গণহত্যা ছাড়া আর কিছু হতে পারে না। যেভাবে নিজের দেশের শিশুদের হত্যা করা হয়েছে, তা জাতির মুখে কলঙ্ক লেপে দিয়েছে। এটা দেশের ইতিহাসে কলঙ্কিত অধ্যায়। অপর দিকে এটা গর্বেরও যে আন্দোলনের মাধ্যমে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে বুক পেতে দিয়েছিল শিশু-কিশোরসহ সব বয়সী মানুষ।



সাধনা ঔষধালয়ের দেয়ালে শাহারিয়ারের রেখে যাওয়া চিঠিটি বড় করে লেখা হয়েছে দেয়ালে ২৯ আগস্ট ২০২৪



২০২৬ ফিফা বিশ্বকাপের ড্র কোথায় কখন

ক্রীড়া ডেস্ক: ২০২৬ সালের ফুটবল বিশ্বকাপ যৌথভাবে আয়োজন করবে তিনটি দেশ- যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো। সবচেয়ে বেশি ম্যাচ অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রেই। এই বিশ্ব টুর্নামেন্টকে সামনে বহু ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে অর্থনৈতিকভাবে বিশ্বের সমৃদ্ধ দেশটি। ঢেলে সাজানো এক ফিফা ফুটবল বিশ্বকাপ টুর্নামেন্ট দেখার জন্য মুখিয়ে আছেন ক্রীড়ামোদীরাও।

সবারই জানার আগ্রহ, কোথায়-কখন অনুষ্ঠিত হবে বহুল কাঙ্ক্ষিত এই টুর্নামেন্টের ড্র। ফুটবল বিষয়ক ওয়েবসাইট ইএসপিএন-কে একাধিক সূত্র জানিয়েছে, আগামী ৫ ডিসেম্বর যুক্তরাষ্ট্রের বিখ্যাত শহর লাস ভেগাসে অনুষ্ঠিত হবে ড্র।

সূত্রগুলো জানিয়েছে, ৩২ দলের পরিবর্তে ৪৮ দল নিয়ে সম্প্রসারিত এই টুর্নামেন্টের জন্য কানাডা ও মেক্সিকোর ভেন্যুগুলো বাদ পড়ায় ড্রয়ের জন্য যুক্তরাষ্ট্রের লাস ভেগাসই চূড়ান্ত হয়েছে। ১৯৯৪ সালে শেষবার বিশ্বকাপ আয়োজন করেছিল যুক্তরাষ্ট্র। সে সময়ও ড্র অনুষ্ঠিত হয়েছিল লাস ভেগাস কনভেনশন সেন্টারে। লাস ভেগাসের কনভেনশন সেন্টারে ৫৪,০০০ বর্গমিটার বিশাল ফ্লিন এবং ১৭,৫০০ দর্শকের ধারণক্ষমতা রয়েছে। যদিও স্থানীয় ঘনিষ্ঠ সূত্র নিশ্চিত করেছে যে, ড্রটি সেখানে অনুষ্ঠিত হবে না।



বিশ্ব অ্যাকোয়াটিক্স চ্যাম্পিয়নশিপ - গতকাল রবিবার মহিলাদের ৪x১০০ মিটার মেডলি রিলে ফাইনালে জয়লাভ করে নতুন বিশ্ব রেকর্ড তৈরির পর উদযাপন করছেন মার্কিন যুক্তরাষ্ট্রের রিগান স্মিথ, কেট ডগলাস, গ্রেচেন ওয়ালশ এবং টোরি হাস্কে

চ্যাম্পিয়ন চীনের বিপক্ষে প্রথম ম্যাচ বাংলাদেশের

ক্রীড়া ডেস্ক: নারী এশিয়ান কাপের সবচেয়ে সফল দেশ চীনের বিপক্ষে ম্যাচ দিয়ে অস্ট্রেলিয়া মিশন শুরু হবে বাংলাদেশের। ১ মার্চ অস্ট্রেলিয়ার পার্থে স্বাগতিক দেশটির বিপক্ষে ফিলিপাইনের ম্যাচ দিয়ে শুরু হবে এশিয়ার নারী ফুটবলের সবচেয়ে বড় আসর।

বাংলাদেশ পড়েছে কঠিন গ্রুপে। এএফসি নারী এশিয়ান কাপের (afc women asian cup) 'বি' গ্রুপে আফঈদাদের সঙ্গী উত্তর কোরিয়া, চীন ও উজবেকিস্তান। বাংলাদেশের প্রথম ম্যাচ ৩ মার্চ ৯ বারের ও বর্তমান চ্যাম্পিয়ন চীনের বিপক্ষে সিডনিতে। দ্বিতীয় ম্যাচ ৬ মার্চ সিডনিতে উত্তর কোরিয়ার বিপক্ষে। উত্তর কোরিয়া এশিয়ান কাপে তিনবারের চ্যাম্পিয়ন। বাংলাদেশের শেষ ম্যাচ উজবেকিস্তানের বিপক্ষে। পার্থে ম্যাচটি অনুষ্ঠিত হবে ৯ মার্চ।

বাংলাদেশ নারী ফুটবল দলের সূচি

৩ মার্চ: ১ম ম্যাচ, প্রতিপক্ষ চীন
৬ মার্চ: ২য় ম্যাচ. প্রতিপক্ষ উত্তর কোরিয়া
৯ মার্চ: ৩য় ম্যাচ, প্রতিপক্ষ উজবেকিস্তান

এশিয়ান কাপে রাউন্ড রবিন লিগ পদ্ধতিতে গ্রুপের প্রতি দল পরস্পরের বিপক্ষে একটি করে ম্যাচ খেলবে। এ পর্বের খেলা শেষে গ্রুপ চ্যাম্পিয়ন ও রানার্সআপ দল কোয়ার্টার ফাইনালে উঠবে। তিন গ্রুপ থেকে এভাবে ৬টি দল যাবে শেষ আটে।

বাকি দুই দল আসবে প্রত্যেক গ্রুপের তৃতীয়স্থানে থাকা দলগুলোর মধ্যকার আরও একটি রাউন্ড রবিন পদ্ধতির লড়াইয়ের মাধ্যমে, যেখানে তিন দলের লড়াই শেষে শীর্ষ দুই দল যোগ দেবে কোয়ার্টারে আগেই জায়গা নিশ্চিত করা ৬ দলের সঙ্গে। কোয়ার্টার ফাইনালের আট দলই খেলবে পরের নারী বিশ্বকাপে।

হিমেলের ইতিহাস: ৩৭ বছর পর ইংলিশ চ্যানেল জয়

ক্রীড়া ডেস্ক: কিশোরগঞ্জের হাওর অধ্যুষিত উপজেলা নিকলীর ছেলে নাজমুল হক হিমেল। সম্প্রতি আটলান্টিক মহাসাগরের ইংলিশ চ্যানেলে দীর্ঘ ৩৩.৪ কিলোমিটার পানিপথ পাড়ি দিয়ে বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছেন। ৩৭ বছর পর বাংলাদেশের জন্য বয়ে এনেছেন সম্মান ও মর্যাদা। তার জয়ের এমন মাইলফলক স্পর্শে গর্বিত পরিবার ও এলাকাবাসী।

সারা বিশ্বের মধ্যে ইংলিশ চ্যানেল সাঁতারুদের জন্য আলাদা একটি রোমাঞ্চ। ইংলিশ চ্যানেল পাড়ি দেওয়ার জন্য স্লট পাওয়া দুষ্কর। জেলিফিস, ঠান্ডা পানি ও প্রাকৃতিক বৈরিতার পাশাপাশি ব্যয়ও অনেক। বাংলাদেশির মধ্যে ব্রজেন দাস ও মোশাররফ হোসেন খান ইংলিশ চ্যানেল পাড়ি দিয়েছিলেন। এবার ৩৭ বছর পর তাদের পথ ধরেই সেই কাজটি করে দেখিয়েছেন কিশোরগঞ্জ নিকলী হাওর উপজেলার ছেলে নাজমুল হক হিমেল। ৩৩.৪ কিলোমিটার ইংলিশ চ্যানেল পাড়ি দিতে তার সময় লেগেছে ১২ ঘন্টা ১০ মিনিট। আর এভাবেই হিমেলের হাত ধরে বাংলাদেশের ক্রীড়াঙ্গনে দূরন্ত এক ইতিহাস রচিত হলো। তার এমন জয়ে উচ্ছ্বসিত পরিবার।



১৯৯৭ সালে বাবা আবুল হাসেমের মাধ্যমে সাঁতারে হাতেখড়ি হিমেলের। তিনি ছিলেন '৮০-এর দশকের জাতীয় সাঁতারু। জাতীয় সুইমিং ফেডারেশনের সাবেক সদস্য ও কিশোরগঞ্জ জেলার নিকলী সুইমিং ক্লাবের কোচ। তিনি বলেন, "হিমেলের আত্মবিশ্বাস ছিল এবং সে সেটি করে দেখিয়েছে। তবে তার জন্য হিমেলকে অনেক পরিশ্রম করতে হয়েছে। ইংলিশ চ্যানেল আটলান্টিক মহাসাগরে আর সেখানকার তাপমাত্রা ১৫ থেকে ১৯ ডিগ্রী সেলসিয়াস। যেহেতু হাওরের তাপমাত্রা অনেক বেশি তাই হিমেল ড্রামের ভেতর বরফ দিয়ে সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসে ঘন্টার পর ঘন্টা ছিল। আর নিজেকে প্রস্তুত করেছে।"

কিশোরগঞ্জ-নিকলী সাঁতার দলের প্রশিক্ষক জুবায়ের। তিনি বলেন, "হিমেল ভাই আমাদের তথা এই দেশের গর্ব। তাকে দেখেই নতুন প্রজন্ম সাঁতারু হতে আগ্রহী হয়ে উঠবে। আমরা ছোট বেলায় বাড়ির পেছনে হাওরের সুয়াইনজান নদীতে সাঁতার কেটে বড় হয়েছি। নিকলী সুইমিং ক্লাব থেকে আমরাও ছোট-বড় প্রায় দুইশত ছেলে-মেয়েকে সাঁতার প্রশিক্ষণ করাচ্ছি। এদের থেকেও অনেকে জাতীয় পর্যায়ে অনেক পুরস্কার অর্জন করেছে। ভবিষ্যতে এদের থেকে আরও হিমেল তৈরি হবে এবং বিশ্ব জয় করবে তেমনটাই প্রত্যাশা করছি।"

হিমেলের বড় ভাই এনামুল হক রুবেল বলেন, "১৯৮৯ সালে কিশোরগঞ্জের নিকলীর মীরহাটি গ্রামে জন্ম হিমেলের। চার ভাই-বোনের মধ্যে তৃতীয় হিমেল। মধ্যবিত্ত পরিবারে আমাদের বড় হয়ে উঠা। অনেক সংগ্রাম করে আমাদের পথচলা। হিমেলের এমন অর্জনে আমরা আবেগাপ্লুত।"

হিমেলের বন্ধুমহল ও এলাকাবাসীরা বলেন, "নিকলী হাওরে জন্মগ্রহণ করে ছোট ছোট অর্জন গুলো আজ হিমেলের জন্য বড় অর্জন বয়ে এনেছে। এতে অনেক খুশি ও গর্বিত তার বন্ধুমহল। তবে আমাদের দাবি এতো এতো সাতারু নিকলী থেকে দেশের জন্য গৌরব বয়ে আনলেও এখানে কোন সুইমিং পুল নেই। আমাদের দীর্ঘদিনের দাবি এটি, তাই প্রশাসন ও কর্তৃপক্ষকে এ বিষয়ে নজর দেয়ার অনুরোধ করছি।"

লন্ডন থেকে মুঠোফোনে রাইজিংবিডিকে নাজমুল হক হিমেল জানান, প্রাতিষ্ঠানিকভাবে সাঁতার শুরু করেন সাঁতারু মো. সোলায়মানের কাছে। তারপর জাপানি কোচ ও সবশেষ চীনা কোচের অধীনে দক্ষতা বৃদ্ধি করেছেন সাঁতারু হিসেবে। ১৯৯৮ থেকে ২০০৮ সালে সাঁতারের বিভিন্ন ইভেন্টে তার ঝুঁলিতে এসেছে ২৬টি স্বর্ণ ও ২১টি রৌপ্য পদক। বয়সভিত্তিক সাঁতারেও গড়েছেন ছয়টি জাতীয় রেকর্ড। এই পরিসংখ্যান শুধু সংখ্যায় নয়, এগুলো একেকটি অধ্যায়, একেকটি লড়াইয়ের গল্প।

তিনি আরও বলেন, "ইংলিশ চ্যানেল পাড়ি দেয়া স্বপ্ন ছিল। তবে যখন সেটি জয় করতে পেরেছি তখন সকল ক্লান্তির শেষ হয়েছে। আমি এ আনন্দ বা অনুভূতি ভাষায় প্রকাশ করতে পারবো না।"

নিকলী উপজেলার নির্বাহী অফিসার রেহানা মজুমদার মুক্তি জানান, নিকলীতে কোন সুইমিং পুল নেই। উপজেলা পরিষদের পুকুরেই এখানকার ছেলেরা সাঁতার শিখছে। হিমেলের বিজয় বিশ্বের বুকে লাল-সবুজের পতাকার সম্মান ও হাওর এলাকার সুনাম বাড়িয়েছে। আমরা জানি হিমেলের সাঁতারু হয়ে উঠার পেছনের গল্প খুব একটা মসৃণ ছিলনা। শুধুমাত্র নিজ আত্মবিশ্বাস আর কঠোর পরিশ্রমে সে বিশ্ব জয় করেছে। আর তার পথ ধরেই হাওরের আরও খ্যাতিমান সাঁতারু তৈরি হবে, এমনটাই প্রত্যাশা আমাদের। জেলা ক্রীড়া সংস্থার সঙ্গে যোগাযোগ করে খুব দ্রুতই আমরা সাতারুদের সম্ভাবনা বাস্তবে রূপ দেয়ার জন্য উদ্যোগ গ্রহণ করব। ইতিমধ্যেই সাতারুদের সুইমিংপুল নির্মাণে ৪ একর জায়গা নির্ধারণ করেছি। এটা বাস্তবায়িত হলে নিকলীতে আরও হিমেল তৈরি হবে।




সুইডেন প্রবাসী নারী ফুটবলারকে ট্রায়ালে ডাকবে বাফুফে

জাপান প্রবাসী মাৎসুশিমা সুমাইয়ার পর এবার সুইডেন প্রবাসী আনিকা সিদ্দিকী নামের এক ফুটবলাকে বাফুফের ক্যাম্পে ডাকার প্রক্রিয়া শুরু করবে। বুধবার বাফুফের নারী উইংয়ের চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ জানিয়েছেন এই খবর। আক্রমণভাগে খেলা ২০ বছর বয়সী এই ফুটবলার ট্রায়েলে টিকলে ডাক পেতে পারেন বাফুফের ক্যাম্পে। আগামী মার্চে অনুষ্ঠিতব্য এশিয়ান কাপ সামনে রেখে দলের আক্রমণভাগের শক্তি বাড়াতে এই উদ্যোগ নিয়েছে। সুমাইয়া ক্যাম্পে ডাক পেয়ে জাতীয় দলেও খেলেছেন। তবে বর্তমানে জাতীয় দলের বাইরে থাকা এই ফুটবলার ভুটানের ন্যাশনাল উইমেন্স লিগে পারো এফসিতে খেলছেন।



ওভারে ৪৫ রান, ইতিহাস গড়লেন আফগান ব্যাটসম্যান

আফগান ব্যাটার উসমান গনি এক ওভারে ৪৫ রান তুলে অনন্য রেকর্ডের জন্ম দিয়েছেন এই ওপেনার। লন্ডনে অনুষ্ঠিত 'ইসিএস টি-টেন ইংল্যান্ড' টুর্নামেন্টের এক ম্যাচে উসমান গনির ব্যাটে যেন আগুন লেগে গিয়েছিল। লন্ডন কাউন্টি ক্রিকেট ক্লাবের হয়ে মাঠে নেমে গিল্ডফোর্ডের বোলার উইল আর্নিকে এক ওভারে হাঁকিয়ে দিলেন রেকর্ড পরিমাণ রান, ৪৫! এর মধ্যে ৪২ রান ব্যাট থেকে, বাকি ৩ রান অতিরিক্ত (নো বল ও ওয়াইড)। (পরিসংখ্যান ছিল: ৬+নো বল, ৬, ৪+ওয়াইড, ৬, ৪+নো বল, ৬, ০, ৬, ৪। সব মিলিয়ে ৯টি বল, ৪৫ রান।) ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে খরুচে ওভারের তালিকায় এটি এখন এক নম্বরে। এই ম্যাচে উসমান গনি ছিলেন দুর্দান্ত ছন্দে। পুরো ইনিংসে মাত্র ৪৩ বলে ১৫৩ রান তুলে অপরাজিত থাকেন। তার ইনিংসে ছিল ১৭টি ছক্কা ও ১১টি চার, আর স্ট্রাইক রেট ছিল ৩৫৫.৮১-যা যে কোনো ব্যাটারের স্বপ্ন!



ইংল্যান্ড ছেড়ে খেলবেন কিউবা মিচেল

ইংলিশ লিগের ক্লাব সান্ডারল্যান্ডের বাংলাদেশি বংশোদ্ভুত ফুটবলার কিউবা মিচেলের স্বপ্ন হামজা চৌধুরীর সঙ্গে লাল-সবুজ জার্সিতে খেলার। এরই মধ্যে তিনি বাংলাদেশের পাসপোর্টও করেছেন। বাফুফে তার জন্য আবেদন করেছে ফিফার প্লেয়ার্স স্ট্যাটাস কমিটিতে। বিশ্ব ফুটবলের অভিভাবক সংস্থা থেকে ইয়েসকার্ড পেলেই লাল-সবুজ জার্সিতে খেলতে আর কোনো বাধা থাকবে না মিচেলের। কিউবা মিচেলের জন্ম বার্মিংহামে। তার মা বাংলাদেশি এবং বাবা জ্যামাইকান। মিচেলকে বাংলাদেশে খেলানোর বিষয়টি দেখাশোনা করছিলেন বসুন্ধরা কিংসের সভাপতি ইমরুল হাসান। সেই বসুন্ধরা কিংসই চমক দেখালো মিচেলকে দলে নিয়ে। বার্মিংহাম সিটি দিয়ে তার ক্লাব ক্যারিয়ার শুরু। —*ক্রীড়া ডেস্ক*

এবার মামদানীকে ঠেকাতে একাট্টা কট্টোর হিন্দুত্ববাদীরা !

প্রথম পৃষ্ঠার পর

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন বিজেপি ও তার সমর্থক গোষ্ঠীগুলো মামদানির সমালোচনা করে তাকে 'হিন্দুবিদ্বেষী' ও 'দেশবিরোধী' হিসেবে তুলে ধরছে। এর সঙ্গে যুক্ত হয়েছে যুক্তরাষ্ট্রের ভারতীয়-আমেরিকান হিন্দু সম্প্রদায়, যারা প্রায় সরাসরি মোদির রাজনৈতিক শিবিরের সঙ্গে যুক্ত এবং মামদানির বিরুদ্ধে সক্রিয়ভাবে লড়াই করছে।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির মেয়র পদের প্রাথমিক নির্বাচনের দুই দিন আগে স্ট্যাচু অব লিবার্টির ওপর দিয়ে চলাচলকারী বিমানে একটি ব্যানার ঝোলোনো হয়। নির্বাচনের প্রধান প্রার্থী জোহরান মামদানিকে লক্ষ্য করে ব্যানারে লেখা ছিল 'সেভ নিউইয়র্ক ফ্রম গোবাল ইন্তিফাদা অ্যান্ড রিজেক্ট মামদানি (ইন্তিফাদার বিশ্বায়ন থেকে নিউইয়র্ককে বাঁচাও' এবং মামদানিকে প্রত্যাখ্যান করো।)

উল্লেখ্য, ইন্তিফাদা শব্দটি সাধারণত ফিলিস্তিনে ইসরায়েলের বিরুদ্ধে ফিলিস্তিনিদের প্রতিবাদ বা উত্থান বোঝাতে ব্যবহৃত হয়। 'ইন্তিফাদার বিশ্বায়ন' মানে এই প্রতিবাদ বা সংগ্রামের মডেল বা ভাবনাকে বিশ্বের বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়া, যাতে তা বৃহত্তর আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে পরিচিতি পায় বা অন্য জায়গায় প্রতিবাদ-আন্দোলনের উৎস হয়ে দাঁড়ায়।

ব্যানারটি মূলত শহরের ইহুদি ভোটারদের উদ্দেশ্য করে তৈরি হলেও এর পেছনে রয়েছে ভারতীয়-আমেরিকান হিন্দু গোষ্ঠী। এই গোষ্ঠী মামদানিকে 'হিন্দু ও ভারতবিরোধী' বলে অভিযুক্ত করেছে।

মামদানি একজন মুসলিম এবং বহুদিন ধরেই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে সরব। এদিকে মোদি যিনি ভারতের হিন্দু জাতীয়তাবাদের সঙ্গে সংযুক্ত এবং মুসলিম সংখ্যালঘুদের বিরুদ্ধে তাদের ওপর অবিচারের অভিযোগ রয়েছে।

গত মে মাসে মোদিকে 'যুদ্ধাপরাধী' বলে অভিহিত করেছেন মামদানি। তিনি মোদির নিউইয়র্ক সফরে বাধা দেওয়ারও চেষ্টা করেন। সেই সঙ্গে একটি রাজ্য অ্যাসেম্বলি সদস্যকে ভারতীয়-আমেরিকানদের দেওয়া নির্বাচনী তহবিল ফিরিয়ে দিতে বলেছিলেন। তিনি সেই ভারতীয় আমেরিকানদের 'হিন্দু ফ্যাসিবাদী' বলে অভিহিত করেছিলেন।

২০২০ সালে স্টেট অ্যাসেম্বলি নির্বাচনের প্রচারের সময় মামদানি টাইমস স্কয়ারে একটি বিক্ষোভে যোগ দেন। সেখানে হিন্দু মন্দির নির্মাণের বিরুদ্ধে প্রতিবাদকারী একটি গোষ্ঠী 'ডযড় ধৎব ঐরহফঁং? ইধংঃধৎফং!' (হিন্দু কারা? জারজ!') স্লোগান দিয়েছিল।

মামদানি ওই বক্তব্যগুলো নিয়ে কখনো প্রকাশ্যে নিন্দা করেননি এবং এ বিষয়ে প্রশ্ন করলে তার নির্বাচনী প্রচার দল কোনো মন্তব্য করতে অস্বীকার করে।

নিউ ইয়র্কের প্রথম মুসলিম ও দক্ষিণ এশীয় মেয়র হওয়ার সম্ভাবনা থাকা সত্ত্বেও বর্তমানে মোদি সমর্থকদের আক্রমণের মুখে পড়ছেন মামদানি।

ভারতে মোদিপক্ষের সংবাদমাধ্যমগুলো লাখ লাখ টিভি ও স্মার্টফোনে মামদানির বিরুদ্ধে প্রচারণা চালাচ্ছে। সরাসরি মোদি ও তাঁর শাসক বিজেপির সঙ্গে যুক্ত ভারতীয়-আমেরিকান কিছু গোষ্ঠী একটু সূক্ষ্ম পদ্ধতিতে কাজ করছে। তারা মামদানির প্রতিদ্বন্দ্বীদের জন্য অর্থ সংগ্রহ করছে।

রকিব নায়েক, 'সেন্টার ফর দ্য স্টাডি অব অর্গানাইজড হেট'-এর পরিচালক বলেছেন, ভারতভিত্তিক হিন্দু জাতীয়তাবাদী ও আমেরিকান হিন্দু গোষ্ঠী একসঙ্গে মামদানিকে 'হিন্দুবিরোধী' প্রার্থী হিসেবে উপস্থাপন করছে।'

তবু অনেক দক্ষিণ এশীয় বিশেষ করে তরুণ, মুসলিম ও উদারপন্থীদের ব্যাপক সমর্থন পাচ্ছেন মামদানি। তিনি দক্ষিণ এশীয় বসতি এলাকায় বড় ব্যবধানে জয়ী হয়েছেন এবং বেশ কিছু অ্যানালাইসিস অনুযায়ী বেশির ভাগ এশীয় সংখ্যাগরিষ্ঠ এলাকায় প্রথম পছন্দ ভোটের ৫২ শতাংশ পেয়েছেন।

নিউইয়র্কে প্রায় ৪ লাখ ৪৭ হাজার ৬৪ দক্ষিণ এশিয়ার মানুষ বসবাস করেন, যাঁরা ভোটারের বড় অংশ। তবে সবার দৃষ্টিভঙ্গি একই রকম নয়। তাই হিন্দুদের বিরোধিতা মামদানির ভোটে কতটা প্রভাব ফেলবে তা স্পষ্ট নয়। ২০২৩ থেকে ২০২৪ সালের মধ্যে পিউ রিসার্চ সেন্টার অনুমান করেছে, নিউইয়র্কের জনসংখ্যার ২ শতাংশ, অর্থাৎ প্রায় ৮০ হাজার হিন্দু ধর্মাবলম্বী।

নিউইয়র্ক যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় সিটি। ফলে এই সিটি মেয়রের একটি বৈশ্বিক প্রভাব থাকে। এখন মামদানি সাধারণ নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন এবং মধ্যপন্থী ডেমোক্র্যাটদের আশ্বস্ত করার চেষ্টা করছেন যে তিনি একজন যোগ্য প্রার্থী। তবে একই সঙ্গে তাকে দূরদেশের এক শক্তিশালী দলের রোষানলে পড়তে হচ্ছে।

মামদানিবিরোধী বার্তাটি এসেছে একেবারে ওপরের স্তর থেকে। ভারতের বিজেপির জাতীয় মুখপাত্র সঞ্জু বর্মা সম্প্রতি মামদানিকে 'হিন্দুবিদ্বেষী কট্টরপন্থী' বলে অভিহিত করেছেন।

এ ধরনের বক্তব্য বিশ্বজুড়ে ছড়িয়ে দেওয়া হয়েছে মোদি সমর্থক গণমাধ্যম এবং প্রভাবশালীদের একটি নেটওয়ার্কের মাধ্যমে।

দ্য নিউইয়র্ক টাইমস এবং সেন্টার ফর দ্য স্টাডি অব অর্গানাইজড হেইটের মতে, গত ১৩ থেকে ৩০ জুন পর্যন্ত সময়ে ভারতে পরিচিত ডানপন্থী অ্যাকাউন্ট এবং হিন্দু জাতীয়তাবাদের সঙ্গে সংশ্লিষ্ট এক্স প্রোফাইলগুলো থেকে মামদানিকে নিয়ে ছয় শতাধিক সমালোচনামূলক পোস্ট প্রকাশিত হয়েছে। এসব অ্যাকাউন্টের অনুসারী কয়েক লাখ।

সান্তা ক্লারা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রোহিত চোপড়া বলেন, 'মামদানির মুসলিম পরিচয় এবং মোদির প্রতি তীব্র সমালোচনাই যথেষ্ট ছিল তাকে ভারতীয়-আমেরিকানদের মধ্যে প্রশ্নবিদ্ধ করার জন্য এবং একই সঙ্গে ভারতের অভ্যন্তরীণ রাজনীতিতে বিষয়টি রাজনৈতিক ফায়দা তুলতে ব্যবহার করা হচ্ছে।'

তাঁর পারিবারিক পরিচয়ও হিন্দুত্ববাদীদের হাতে বাড়তি অস্ত্র তুলে দিয়েছে। ৩৩ বছর বয়সী মামদানি জন্মগ্রহণ করেন উগান্ডার কামপালায়। তবে তাঁর বাবা ভারতের গুজরাট রাজ্যের নরেন্দ্র মোদির নিজ রাজ্য, যেখানে ২০০২ সালে দাঙ্গায় শত শত মানুষ নিহত হয়। নিহতদের মধ্যে অনেকেই মুসলিম ছিলেন। তার মা চলচ্চিত্র নির্মাতা মীরা নায়ার, ভারতের প্রগতিশীল বাম রাজনীতির একজন গুরুত্বপূর্ণ মুখ।

যুক্তরাষ্ট্রে মামদানির প্রতি কিছু হিন্দুর অবিশ্বাস এখন শুধু ভাবনার মধ্যে সীমাবদ্ধ নেইড়এটা রাজনৈতিক কার্যকলাপে রূপ নিয়েছে। মোদি ও তার দলের সঙ্গে প্রবাসী ভারতীয় গোষ্ঠীগুলোর ঘনিষ্ঠ সম্পর্ক থাকার কারণে এই প্রচেষ্টা আরও সক্রিয় ও শক্তিশালী হয়েছে।

কুইন্সে অবস্থিত 'গুজরাটি সমাজ অব নিউইয়র্ক' একটি ভারতীয় সাংস্কৃতিক সংগঠন, যার প্রায় ৪ হাজার সদস্য আছে। এই সংগঠন মোদির সঙ্গে ঘনিষ্ঠভাবে যোগাযোগ রাখে এবং মামদানির প্রতিপক্ষদের সক্রিয়ভাবে সমর্থন করছে।

সংগঠনের সভাপতি হর্ষদ প্যাটেল বলেন, এই সংগঠনের সদস্যরা ফেব্রুয়ারিতে ভারতে মোদির সঙ্গে দেখা করেছেন এবং এখনো তাঁর সঙ্গে 'সরাসরি যোগাযোগে' রয়েছেন। গত জুলাইয়ে গোষ্ঠীটি বর্তমান মেয়র এরিক অ্যাডামসের জন্য একটি তহবিল সংগ্রহের অনুষ্ঠান আয়োজন করে। অ্যাডামস একজন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মামদানির বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করছেন। ২০২৩ সালে জাতিসংঘের আন্তর্জাতিক যোগ দিবসে অ্যাডামস মোদির সঙ্গে এক মঞ্চে অংশ নেন।

ইন্ডিয়ান-অ্যামেরিকানস ফল কুওমো প্যাক নামের একটি রাজনৈতিক কর্মসূচির প্রতিষ্ঠাতা সত্য দোসাপতি। এই গোষ্ঠীই স্ট্যাচু অব লিবার্টির ওপর দিয়ে ওড়ানো ব্যানারের জন্য অর্থ প্রদান করেছিল। এর আগে ২০১৩ সালে ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া মোদিকে বক্তা হিসেবে আমন্ত্রণ না জানানোয় প্রতিবাদ করেছিল এই গোষ্ঠী।

বর্তমানে সাধারণ নির্বাচনে অংশ নিচ্ছেন মামদানি এবং তিনি আরও বেশি মানুষের সমর্থন পাওয়ার চেষ্টা করছেন। সম্প্রতি মামদানি বলেন, 'গ্লোবালাইজ দ্য ইন্তিফাদা' এই বিতর্কিত স্লোগান ব্যবহারে তিনি নিরুৎসাহিত করবেন। উল্লেখ্য, স্ট্যাচু অব লিবার্টির ওপর দিয়ে ওড়ানো ব্যানারে এই বাক্যই লেখা ছিল। এটি অনেকের কাছে সহিংসতার আহ্বান হিসেবে মনে হয়েছে।

গুজনপার্ক ও ফ্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কনভেন্ট এডিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)

Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

স্কুলশিক্ষার্থীদের প্রেসিডেনশিয়াল ফিটনেস টেস্ট কী

১১-এর পৃষ্ঠায় পর

করতে পারে।

ট্রাম্প নিজেও একজন তুখোড় গলফ খেলোয়াড় এবং খেলাধুলার প্রতি তাঁর আকর্ষণ দীর্ঘদিনের। তিনি হাইস্কুলে বেসবল খেলেছেন। এমনকি এখনো প্রায় প্রতি রোববার গলফ খেলেন তিনি। এ বছর তাঁর ব্যক্তিগত সফরের বেশির ভাগই ছিল বিভিন্ন ক্রীড়া ইভেন্টে যোগ দেওয়া, যার মধ্যে সুপার বোল, ডেটোনা ৫০০ ও ইউএফসি ম্যাচ উল্লেখযোগ্য।

ট্রাম্প বলেন, 'আমি সব সময় খেলাধুলা ভালোবাসতাম। খেলাধুলায় আমি ভালো ছিলাম। আপনি যদি খেলাধুলা নিয়ে ব্যস্ত থাকেন, তাহলে অন্য কোনো চিন্তা আপনার মাথায় আসবে না। আপনি কয়েক ঘণ্টার জন্য সবকিছু থেকে দূরে চলে যেতে পারেন।'

এই ঘোষণা এমন এক সময়ে এল, যখন যুক্তরাষ্ট্র ২০২৩ সালের রাইডার কাপ, ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ ও ২০২৮ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক আয়োজনের প্রস্তুতি নিচ্ছে। এর আগে ট্রাম্প আরও একটি নির্বাহী আদেশে বলেছিলেন, সরকারকে ঠিক করে বলতে হবে শিক্ষাপ্রতিষ্ঠানের খেলোয়াড়দের চাকরিজীবী (কর্মচারী) হিসেবে ধরা হবে কি না। অর্থাৎ তারা খেলার জন্য বেতন বা চাকরির সুবিধা পাবে কি না, সেটা স্পষ্ট করতে হবে।

২৪ দফা ইশতেহার

৬-এর পৃষ্ঠায় পর

সার্বভৌমত্ব হুমকির মুখে ফেলেছে। আমাদের প্রতিরক্ষাব্যবস্থা শক্তিশালী করতে হবে।'

জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমীন বলেন, 'শেখ হাসিনার বিচার এই বাংলাদেশের মাটিতে হতে হবে। আমরা রাজপথ ছেড়ে যাইনি, আমরা রাজপথ ছেড়ে যাব না।'

দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, 'লড়াই জারি রাখুন। কোনো টাকাপয়সা, তদবির, টেন্ডারবাজি ছাড়া যদি লড়াই জারি রাখতে পারেন, তাহলে এই শহীদ মিনার থেকে ইনশাল্লাহ আমরা সরকার গঠন করব।'

দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ বলেন, 'আমরা প্রতিশ্রুতি দিচ্ছি- কেউ যদি ভয় দেখায়, হুমকি দেয়, তাহলে পিছু হটবেন না। আমরা জানি, এলাকায় এলাকায় বাধা দেওয়া হচ্ছে। টেকনাফ থেকে তেঁতুলিয়া, রূপসা থেকে পাটুরিয়া এনসিপির নেতা-কর্মীদের দিকে কেউ যদি চোখ তুলে তাকায়, তাহলে আমরা তা রাজনৈতিকভাবে প্রতিহত করব।'

এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সমন্বয়ক সারজিস আলম বলেন, 'আমরা শহীদ পরিবার ও আহত ব্যক্তিদের পক্ষে আজ সন্ত্রাসী, খুনিদের বিচার চাইতে এসেছি, আহতদের পুনর্বাসন, চিকিৎসার অধিকার নিশ্চিত করতে এসেছি। আমরা মুজিববাদী সংবিধান ছুড়ে নতুন সংবিধান চাইতে এসেছি।'

দলের সদস্যসচিব আখতার হোসেন বলেন, 'নতুন বাংলাদেশে আমরা আর বিভাজনের রাজনীতি দেখতে চাই না। জুলাই সনদের প্রতিটি কথা বাংলাদেশে বাস্তবায়ন করতে হবে। জুলাই সনদকে কোনো সাধারণ কাগজে পরিণত হতে দেব না। জুলাই ঘোষণাপত্রকে সাংবিধানিক স্বীকৃতি দিতে হবে। জুলাই সনদ অন্তর্বর্তী সরকারকেই বাস্তবায়ন করতে হবে। এ জন্য বাংলাদেশের জনগণকে পাহারাদারের ভূমিকায় থাকতে হবে।'

সমাবেশ ঘিরে গত শনিবার দুপুরের পর থেকেই দেশের বিভিন্ন অঞ্চল থেকে শহীদ মিনারের আশপাশে এসে খণ্ড খণ্ড মিছিল নিয়ে নেতা-কর্মীরা জড়ো হতে থাকেন। মূল বেদির দুই পাশে এলইডি স্ক্রিনে আন্দোলনের তথ্যচিত্র প্রচার করা হয়। সমাবেশস্থলে ছিল লাল কার্পেট, নেতাদের জন্য তাঁবু, মোবাইল টয়লেট, মেডিকেল বুথ, নিরাপত্তাব্যবস্থাসহ নানা আয়োজন। পুলিশের ডগ স্কোয়াড, বোমা নিষ্ক্রিয়কারী ইউনিট এবং বাড়তি টহলের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করা হয়।

সমাবেশ থেকে এক দফা আন্দোলনের বর্ষপূর্তি উদ্যাপন এবং এনসিপির 'জুলাই পদযাত্রার' সমাপ্তি ঘোষণা হয়।

যুক্তরাষ্ট্রের ভ্রমণ ভিসায় দিতে হবে বন্ড

প্রথম পৃষ্ঠার পর

ডলারের জামানত দিতে হবে ভিসা প্রাপ্তির ক্ষেত্রে।

পরীক্ষামূলকভাবে চালু হতে যাওয়া একটি কর্মসূচির আওতায় নির্দিষ্ট কিছু দেশের নাগরিকদের ব্যবসায়িক কিংবা ব্যক্তিগত ভ্রমণের জন্য ভিসা পেতে হলে পাঁচ হাজার থেকে ১৫ হাজার ডলার পর্যন্ত জামানত রাখতে হতে পারে।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট জানায়, যে দেশগুলো এই তালিকায় পড়বে, তাদের ১৫ দিনের মধ্যে জানানো হবে। এরপর সেসব দেশের আবেদনকারীদের কাছে পাঁচ, দশ বা ১৫ হাজার ডলারের জামানত দিতে হবে ভিসা প্রাপ্তির ক্ষেত্রে। নিয়মে বলা হয়েছে, জামানতের এই তিনটি স্তর কনসুলার কর্মকর্তাদের এমন একটি সুযোগ দেবে, যাতে তারা আবেদনকারীর অবস্থা বিবেচনা করে যথাযথ অঙ্কের বন্ড নির্ধারণ করতে পারবেনযা তার ভিসা নিয়ম লঙ্ঘনের ঝুঁকি কমাবে।

তবে এই পদক্ষেপের কারণে অনেক ভ্রমণেচ্ছু ব্যক্তির জন্য যুক্তরাষ্ট্রের দরজা কার্যত বন্ধ হয়ে যেতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

এতদিন পর্যন্ত যুক্তরাষ্ট্র ভিসা পাওয়ার জন্য বন্ডের বিধান থেকে বিরত ছিল। কারণ, বন্ড গ্রহণ, তা প্রক্রিয়াকরণ ও ছাড়ের পদ্ধতি বেশ জটিল ও সময়সাপেক্ষ।

এই উদ্যোগ এসেছে এমন এক সময়ে, যখন ট্রাম্প প্রশাসন একাধিক দেশ থেকে ভ্রমণে নিষেধাজ্ঞা দিয়েছে। ১২টি দেশের ওপর সরাসরি নিষেধাজ্ঞা এবং সাতটি দেশের ক্ষেত্রে ভ্রমণে সীমাবদ্ধতা আরোপ করেছে।

তারা বলেছে, এই নিষেধাজ্ঞার মূল কারণই হলো সংশ্লিষ্ট দেশগুলোর নাগরিকদের ভিসা অতিক্রম হার বেশি এবং তাদের যাচাই-বাছাই ব্যবস্থা যথেষ্ট নয়।

তবে এই নতুন বন্ড কর্মসূচি যুক্তরাষ্ট্রের ভিসা ওয়েভার প্রোগ্রামে থাকা দেশগুলোর ক্ষেত্রে প্রযোজ্য হবে না। ওইসব দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশের আগে আলাদা করে ভিসা নেওয়ার প্রয়োজন পড়ে না।

হোয়াইট হাউসে ট্রাম্পের ২০ কোটি ডলারের স্বপ্নের বলরুম

প্রথম পৃষ্ঠার পর

টাকা। পুরো অর্থ অনুদান হিসেবে দেবেন প্রেসিডেন্ট ট্রাম্প নিজে এবং আরও কয়েকজন এখনো নাম প্রকাশ না করা দাতা।

হোয়াইট হাউসের প্রেস সচিব ক্যারোলিন লেভিট গত বৃহস্পতিবার এক প্রেস ব্রিফিংয়ে বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, নতুন বলরুমটি নির্মাণ হবে হোয়াইট হাউসের ইস্ট উইংয়ের পাশে। এই ইস্ট উইংয়েই বর্তমানে ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প ও অন্য কয়েকটি গুরুত্বপূর্ণ দপ্তরের অফিস রয়েছে। বলরুম তৈরির সময় এসব অফিস সাময়িকভাবে অন্যত্র সরিয়ে নেওয়া হবে।

লেভিট বলেন, এই বলরুম হোয়াইট হাউসের জন্য অত্যন্ত প্রয়োজনীয় ও দৃষ্টিনন্দন এক সংযোজন হতে যাচ্ছে। এর ভেতরে একসঙ্গে প্রায় ৬৫০ জন বসতে পারবেন। এটি ইস্ট রুমের তুলনায় অনেক বড়, যেখানে সর্বোচ্চ ২০০ জন বসতে পারেন।

হোয়াইট হাউসের প্রেস সচিব আরও বলেন, বড় অনুষ্ঠানগুলোর জন্য এখন যেভাবে অস্থায়ী তাঁবু খাটাতে হয়, নতুন বলরুম তৈরি হলে সে প্রয়োজন থাকবে না। ওই তাঁবুগুলো দেখতে যেমন বিশ্রী, তেমনি হোয়াইট হাউসের মর্যাদার সঙ্গেও মানানসই নয়।

এর আগে ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারের সময়ও ট্রাম্প বলেছিলেন, হোয়াইট হাউসে একটি 'অসাধারণ বলরুম' নির্মাণে তিনি ১০ কোটি ডলার দিতে প্রস্তুত। তখন প্রেসিডেন্ট ছিলেন বারাক ওবামা। কিন্তু সেই প্রস্তাব গ্রহণ করেনি ওবামা প্রশাসন।

সে সময় হোয়াইট হাউসের তৎকালীন মুখপাত্র জোশ আর্নেস্ট বলেছিলেন, এটি কখনোই গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়নি। তিনি আরও বলেছিলেন, হোয়াইট হাউসের কোনো অংশে চকচকে সোনালি রঙের ট্রাম্প সাইন লাগানো যুক্তরাষ্ট্রের জন্য শোভন নয়।

নতুন বলরুমটির নকশা এরই মধ্যে প্রকাশ করেছে হোয়াইট হাউস। এতে দেখা যায়, এটি মূল হোয়াইট হাউসের স্থাপত্যের সঙ্গে মিল রেখে তৈরি করা হবে। ভেতরে থাকবে ঝাড়বাতি, অলংকারখচিত স্তম্ভ ও রাজকীয় সাজসজ্জা।

বলরুম নির্মাণের বিষয়ে ট্রাম্প বলেন, 'এই দেশের কোনো প্রেসিডেন্ট বলরুম বানানোর ব্যাপারে দক্ষতা দেখায়নি। আমি পারি। আমি জিনিস বানাতে পারি। তাঁবুর নিচে রাষ্ট্রীয় নৈশভোজএটা কোনো দৃশ্যই নয়। এটা একেবারে বিশ্রী।' তিনি আরও বলেন, 'আমার স্কটল্যান্ডের টার্নবেরি গলফ রিসোর্টে যে বলরুম আছে, চাইলে ওটা এখানেও বসিয়ে দিতে পারি। দেখতে অসাধারণ লাগবে।'

ক্যারোলিন লেভিট জানিয়েছেন, নির্মাণকাজ শুরু হবে চলতি বছরের সেপ্টেম্বরে, শেষ হবে ২০২৯ সালের জানুয়ারির আগেইড্রাম্পের বর্তমান মেয়াদের শেষের বহু আগেই।

এই বলরুম শুধু ট্রাম্প প্রশাসনের জন্য নয়, ভবিষ্যৎ প্রেসিডেন্টরাও এটি ব্যবহার করতে পারবেন বলে জানান ট্রাম্পের চিফ অব স্টাফ সুজি ওয়াইলস। এক বিবৃতিতে তিনি বলেন, এই নতুন বলরুম নির্মাণের পুরো প্রক্রিয়ায় হোয়াইট হাউসের ইতিহাস ও ঐতিহ্যকে সম্মান জানিয়ে কাজ করা হবে। ভবিষ্যৎ প্রশাসন ও আমেরিকার আগামী প্রজন্ম এর সুফল ভোগ করবে।

এ প্রসঙ্গে হোয়াইট হাউস সংরক্ষণ কমিটির সদস্য লেসলি গ্রিন বোম্যান বলেন, 'হোয়াইট হাউসের ইতিহাসে প্রয়োজনে নতুন সংযোজনের নজির রয়েছে। তবে এই নতুন বলরুম তৈরির সময় অবশ্যই হোয়াইট হাউসের ঐতিহাসিক দেয়াল ও কাঠামোর প্রতি যথাযথ সম্মান ও সংরক্ষণের মনোভাব রাখতে হবে। এই দেয়ালগুলো আমাদের গণতন্ত্রের গুরুত্বপূর্ণ ইতিহাস ধারণ করে আছে।'

উল্লেখ্য, প্রেসিডেন্ট হওয়ার পর থেকে ট্রাম্প হোয়াইট হাউসের বিভিন্ন অংশে সংস্কার ও পরিবর্তন এনেছেন। এর মধ্যে রয়েছে ওভাল অফিসে সোনালি অলংকার সংযোজন, দুটি বড় জাতীয় পতাকা টাঙানোর ফ্ল্যাগপোল বসানো এবং বিখ্যাত রোজ গার্ডেনের বড় অংশ কংক্রিট দিয়ে ঢেকে দেওয়া।

হোয়াইট হাউসে বলরুম নির্মাণ ট্রাম্পের দীর্ঘদিনের পরিকল্পনারই অংশ, যা এখন বাস্তবায়নের পথে। বিশাল ব্যয় ও বিতর্ক সত্ত্বেও ট্রাম্প প্রশাসন বলছে, এই বলরুম ভবিষ্যতে রাষ্ট্রীয় অনুষ্ঠান আয়োজনের জন্য একটি স্থায়ী সমাধান হবে।

জানুয়ারিতে বাড়ছে নিউইয়র্ক সিটির সাবওয়ে ও বাস ভাড়া

প্রথম পৃষ্ঠার পর

আনলিমিটেড ভাড়া পাস বন্ধ করে দেওয়া হবে। ফলে যাত্রীরা কেবল সাত দিনের ফেয়ার ক্যাপের মাধ্যমে আনলিমিটেড ভ্রমণের সুবিধা পাবেন।

তথ্যমতে, ভাড়া বৃদ্ধির ফলে সাত দিনের ফেয়ার ক্যাপ প্রোগ্রামের খরচও বাড়বে। যাত্রীরা এখন ৩৪ ডলারের পরিবর্তে ৩৬ ডলার খরচ করলেই বাকি সপ্তাহে সীমাহীন যাত্রার সুযোগ পাবেন। এক্সপ্রেস বাস ব্যবহারকারীদের জন্যও নতুন সাপ্তাহিক আনলিমিটেড পাস চালু হবে, যেখানে এক সপ্তাহে ৬৭ ডলার খরচ করলেই তারা সীমাহীন ভ্রমণ করতে পারবেন। মেট্রো-নর্থ ও লং আইল্যান্ড রেল রোডের ভাড়া ৪.৪ শতাংশ বৃদ্ধি পাবে এবং ব্রিজ ও টানেল টোল ৭.৫ শতাংশ বৃদ্ধি পাবে। একই সঙ্গে রাউন্ড-ট্রিপ টিকিট বাতিল করা হবে এবং যাত্রীরা শুধুমাত্র ডে পাস কিনতে পারবেন, যা সক্রিয় হওয়ার চার ঘণ্টা পর মেয়াদোত্তীর্ণ হবে। আরএফকে, হুইটস্টোন, থ্রগস নেক, ভেরাজ্জানো ব্রিজ এবং কুইন্স-মিডটাউন ও ব্রুকলিন-ব্যাটারি টানেলের ই-জেডপাস টোল ৫২ সেন্ট বাড়বে। হেনরি হাডসন ব্রিজের টোল ২৪ সেন্ট এবং ক্রস বে ও মেরিন পার্কওয়ে ব্রিজের টোল ২০ সেন্ট বাড়বে।

এমটিএ ঘোষণা করেছে, ২০২৬ সালের শেষে মেট্রোকার্ড সম্পূর্ণভাবে বন্ধ করা হবে। জানুয়ারি থেকে নতুন কার্ড বিক্রি বন্ধ হবে এবং ২০২৬ সালের শেষের দিকে কার্ড গ্রহণ বন্ধ হয়ে যাবে। ওমনি কার্ডের দামও ১ ডলার থেকে বাড়িয়ে ২ ডলার করা হবে। এমটিএ জানিয়েছে, মেট্রোকার্ড মেশিন ও ফিজিক্যাল কার্ড ব্যবস্থাপনায় বছরে ২০ মিলিয়ন ডলার খরচ হয়, তাই এই পরিবর্তন আনা হচ্ছে।

এদিকে ভাড়া বৃদ্ধির প্রস্তাব নিয়ে নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস তীব্র সমালোচনা করেছেন। তিনি তার প্রতিক্রিয়ায় গণমাধ্যমে বলেন, বাস্তব উন্নতির প্রমাণ ছাড়া ভাড়া বাড়ানোর প্রস্তাব করা কঠোর পরিশ্রমী নিউইয়র্কবাসীদের প্রতি অবমাননা। তিনি এমটিএ বোর্ডকে প্রস্তাবটি বাতিল করার আহ্বান জানান।

রাইডার্স অ্যালায়েন্সের ড্যানি পার্লস্টেইন বলেন, ভাড়া বৃদ্ধির ফলে নিম্ন আয়ের যাত্রীদের জন্য ফেয়ার ফেয়ার্স প্রোগ্রামে সহজে অন্তর্ভুক্ত হওয়ার ব্যবস্থা করতে হবে।

এমটিএ চেয়ার জ্যানো লিবার জানান, তারা ফেয়ার ফেয়ার্স প্রোগ্রাম প্রচারের জন্য সিটির প্রশাসনকে আরও বেশি উদ্যোগ নিতে বলেছেন এবং তিনি দাবি করেন যে তারা কোনো সমস্যার অংশ নন, বরং সমাধানের অংশ।

এমটিএর ডেপুটি চিফ অব কমার্শিয়াল ভেঞ্চারস জেসি লাজারাস বলেন, তিন দশক আগে এই ব্যবস্থা ছিল এক বিপ্লবী পদক্ষেপ, কিন্তু এখন এটি অপ্রয়োজনীয় হয়ে পড়েছে।

এমটিএর বাজেটে প্রতি দুই বছরে চার শতাংশ ভাড়া বৃদ্ধির পরিকল্পনা রয়েছে। সর্বশেষ ভাড়া বৃদ্ধি হয়েছিল ২০২৩ সালে। সংস্থাটি ২০২৭ এবং ২০২৯ সালেও নতুন ভাড়া বৃদ্ধির পরিকল্পনা করছে।

পরিসংখ্যান কর্মকর্তাকে বরখাস্ত করলেন ট্রাম্প

প্রথম পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশটির গুরুত্বপূর্ণ অর্থনৈতিক তথ্য সংস্থা ব্যুরো অব লেবার স্ট্যাটিসটিকসের কমিশনার এরিকা ম্যাকএনটারফারকে বরখাস্ত করার নির্দেশ দিয়েছেন। তাঁর এই সিদ্ধান্তে ওয়াল স্ট্রিটসহ অর্থনৈতিক মহলে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির খবরে বলা হয়েছে, ট্রাম্প নিজ মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে লেখেন, 'আমরা সঠিক চাকরির সংখ্যা চাই। আমি আমার টিমকে নির্দেশ দিয়েছি-এই বাইডেনঘেঁষা রাজনৈতিকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে অবিলম্বে বরখাস্ত করতে।'

তিনি এরিকার বিরুদ্ধে চাকরির সংখ্যা 'ইচ্ছাকৃতভাবে বিকৃত' করার অভিযোগ আনেন, যদিও কোনো তথ্যপ্রমাণ উপস্থাপন করেননি। এ নিয়ে হোয়াইট হাউস কর্তৃক অর্থনৈতিক তথ্য সংস্থায় হস্তক্ষেপের অভিযোগ উঠেছে। অনেক বিশ্লেষক বলছেন, সরকারি পরিসংখ্যান ব্যবস্থার নিরপেক্ষতা ও গ্রহণযোগ্যতা নিয়ে নতুন করে প্রশ্ন উঠেছে।

বরখাস্তের প্রতিক্রিয়ায় এরিকা ম্যাকএনটারফার এক বিবৃতিতে বলেছেন, 'এই সংস্থার নেতৃত্ব দেওয়ার সুযোগ পাওয়া ছিল আমার জীবনের সবচেয়ে বড় সম্মান। আমরা সব সময়ই নিরপেক্ষতা ও তথ্যের সত্যতা বজায় রেখেছি।' এরিকা ২০ বছরেরও বেশি সময় ধরে সরকারি বিভিন্ন দপ্তরে কাজ করেছেন এবং ২০২৩ সালে মার্কিন সিনেট প্রায় সর্বসম্মতভাবে তাঁকে শ্রম পরিসংখ্যান ব্যুরোর প্রধান হিসেবে নিয়োগ দেয়।

এরই মধ্যে যুক্তরাষ্ট্রের শ্রম দপ্তর জানিয়েছে, সংস্থার ডেপুটি কমিশনার উইলিয়াম উইয়াত্রোস্কিকে ভারপ্রাপ্ত প্রধান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। নতুন কমিশনার নিয়োগ না হওয়া পর্যন্ত তিনি দপ্তরের দায়িত্ব পালন করবেন।

বিশ্লেষকদের মতে, চাকরির পরিসংখ্যানে বড় ধরনের সংশোধনই ট্রাম্পের ক্ষোভের মূল কারণ। গত শুক্রবার প্রকাশিত প্রতিবেদনে দেখা যায়, জুলাই মাসে যুক্তরাষ্ট্রে মাত্র ৭৩ হাজার নতুন চাকরি তৈরি হয়েছে, যা বিশ্লেষকদের পূর্বাভাসের তুলনায় অনেক কম। পাশাপাশি মে ও জুন মাসের হিসাবও বড় পরিসরে সংশোধন করে প্রকাশ করেছে ইথঝ-পূর্বের তুলনায় ২ লাখ ৫০ হাজার কম চাকরি দেখানো হয়েছে।

অক্সফোর্ড ইকোনমিকসের প্রধান অর্থনীতিবিদ রায়ান সুইট বলেন, 'উচ্চমানের অর্থনৈতিক তথ্য ব্যবসায়িক সিদ্ধান্ত ও নীতিনির্ধারণের জন্য অপরিহার্য। এই ধরনের হস্তক্ষেপ খুবই বিপজ্জনক দিক নির্দেশ করছে।'

পিটারসন ইনস্টিটিউটের জ্যেষ্ঠ গবেষক জেড কোলকো বলেন, 'সরকারি পরিসংখ্যান ব্যবস্থায় এটি সরাসরি আঘাত। আমি এত দিন বলতাম, এসব ছিল পার্শ্বপ্রতিক্রিয়া; এখন আর তা নয়। শ্রম পরিসংখ্যান ব্যুরোর প্রধানকে বরখাস্ত করা মানে পরিসংখ্যান ব্যবস্থার ওপর ইচ্ছাকৃত হামলা।'

ডানপন্থী থিংক ট্যাংক আমেরিকান এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের অর্থনৈতিক নীতিবিষয়ক পরিচালক মাইকেল স্ট্রেইন বলেন, 'ম্যাকএনটারফার তাঁর দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেছেন। সরকারি পরিসংখ্যানের নিরপেক্ষতা ক্ষুণ্ন হওয়া যুক্তরাষ্ট্রের জন্য বিপজ্জনক।'

তবে ট্রাম্প বরাবরের মতো তাঁর সিদ্ধান্তের পক্ষে সাফাই গেয়ে বলেন, 'আমি মনে করি এই পরিসংখ্যান ভুয়া, যেমনটা নির্বাচনেও হয়েছিল। তাই আমি তাঁকে বরখাস্ত করেছি। এটা সঠিক কাজ ছিল।' বিশ্লেষকদের আশঙ্কা, এ ধরনের পদক্ষেপ যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক তথ্য ব্যবস্থার ওপর দেশি-বিদেশি আস্থা দুর্বল করে দিতে পারে। বর্তমানে বৈশ্বিক বাজারে ট্রাম্পের শুল্কনীতি নিয়েও তীব্র উদ্বেগ বিরাজ করছে।



ডব্লিউইউএসটি ওরিয়েন্টেশন

ডব্লিউইউএসটি'র ওরিয়েন্টেশনের কার্যক্রম সম্পন্ন

'স্বপ্ন যারা দেখে তারা থেমে যায় না, তারাই ইতিহাস গড়ে'

ভার্জিনিয়া: বিশ্বের ১২০টি দেশ থেকে আগত শিক্ষার্থীদের অংশগ্রহণে এক অভূতপূর্ব পরিবেশে অনুষ্ঠিত হলো ওয়াশিংটন ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজির সামার কোয়ার্টারের ওরিয়েন্টেশন-২০২৫। গত ৯ জুলাই সকাল ১০টায় দিনব্যাপী ওরিয়েন্টেশনের কার্যক্রম শুরু হয়। নেপাল, ভারত, পাকিস্তান, চীনসহ বিভিন্ন দেশের শত শত শিক্ষার্থী এই মিলনমেলায় অংশ নেন।

অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট হাসান কারা বার্ক। এসময় তিনি নতুন পথচলায় শিক্ষার্থীদের সার্বক্ষণিক সহযোগিতার আশ্বাস দিয়ে বলেন- 'তোমরা স্বপ্ন দেখো, আমরা তোমাদের সেই স্বপ্ন বাস্তবায়নের হাত ধরেই এগিয়ে যাব।'

প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আবু বকর হানিফ বলেন- 'একজন শিক্ষার্থীর সফল জীবন গঠনে শুধুমাত্র একাডেমিক নয়, জীবনের অন্যান্য জরুরী দিকগুলোর সুষ্ঠু সমন্বয় প্রয়োজন। আমরা সেই গাইডলাইন প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা একজন শিক্ষার্থীকে স্বপ্ন দেখা থেকে শুরু করে কর্মজগতে সফলভাবে পৌঁছাতে সহায়তা করবে। এই বিশ্ববিদ্যালয় তোমাদের একাডেমিক পথ ছাড়াও জীবন গঠনের প্রতিটি ধাপে পাশে থাকবে।'

ফারহানা হানিপ বলেন- 'শিক্ষার্থীদের পাশে থাকে, ভালোবাসা দেয়া এবং খোঁজখবর রাখা- এই মানবিক সম্পর্কই আমার কাছে সবচেয়ে মূল্যবান। এই পরিবারের অংশ হিসেবে আমি প্রতিটি শিক্ষার্থীর পাশে আছি।'

এরপর একে একে বিভিন্ন ডিপার্টমেন্টের প্রতিনিধি ও ফ্যাকাল্টি সদস্যরা বক্তব্য রাখেন। এফ-ওয়ান স্ট্যাটাসধারী আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য আলাদা সেশন রাখা হয়, যেখানে তাদের ভিসা রেগুলেশন, ইউনিভার্সিটির নিয়ম-কানুন, ও একাডেমিক প্রসিডিউর বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়।

এরপর শিক্ষার্থীরা দলে ভাগ হয়ে অংশ নেন ক্যাম্পাস ট্যুরে। একাডেমিক ভবন, গ্রন্থাগার, ল্যাবরেটরি, স্টুডেন্ট সেন্টার সহ পুরো বিশ্ববিদ্যালয় চত্বর ঘুরে দেখানো হয় কর্তৃপক্ষের তত্ত্বাবধানে।

ট্যুর শেষে সবাই মধ্যাহ্নভোজে অংশ নেন বিশ্ববিদ্যালয় ক্যান্টিনে- যেখানে নতুন বন্ধুত্ব আর পরিচয়ের উষ্ণতা মিশে যায় খাবারের মধুরতায়।

দুপুরের পর শুরু হয় ডিপার্টমেন্টভিত্তিক ওরিয়েন্টেশন সেশন। প্রতিটি বিভাগ নিজস্ব ক্লাসরুমে তাদের নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে শিক্ষাপদ্ধতি, গবেষণার সুযোগ, ও ভবিষ্যৎ কর্মপথ নিয়ে আলোচনা করে।

এই একদিনের আয়োজনটি ছিল কেবল একটি আনুষ্ঠানিকতা নয়- বরং ছিল একজন শিক্ষার্থীর পূর্ণাঙ্গ জীবনের জন্য একটি দিকনির্দেশনা। অংশগ্রহণকারী শিক্ষার্থীরা জানান, এই ওরিয়েন্টেশন তাদের আত্মবিশ্বাসে ভরিয়ে দিয়েছে এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত করেছে।

ওয়াশিংটন ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজির সামার ওরিয়েন্টেশন ২০২৫ শেষ হয় নতুন স্বপ্ন, নতুন বন্ধুতা এবং নতুন দায়িত্ববোধ নিয়ে- যেখানে শুরু হয় জীবনের এক নতুন অধ্যায়। -প্রেস বিজ্ঞপ্তি।



এ ইসলাম মামুন

এ ইসলাম মামুন ব্রঙ্কসের কমিউনিটি বোর্ড-৯ এর সদস্য নির্বাচিত

নিউইয়র্ক: নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, ব্রঙ্কস বাংলাদেশী এসোসিয়েশন (বিবিএ)-এর সভাপতি, মূলধারার রাজনীতিক এ ইসলাম মামুন ব্রঙ্কসের কমিউনিটি বোর্ড-৯ এর সদস্য নির্বাচিত হয়েছেন। বরো প্রেসিডেন্ট ব্রঙ্কস ভ্যানেসা এল গিবসন সম্প্রতি তাকে মনোনয়ন দেন। এ ইসলাম মামুন কমিউনিটি বোর্ড সদস্য মনোনীত হওয়ায় কমিউনিটি নেতৃবৃন্দ হওয়ায় তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেছেন তার এই মনোনয়নে তিনি কমিউনিটি সেবায় আরো ভূমিকা রাখতে পারবেন।

এবার জুলাই সনদ

১১-এর পৃষ্ঠায় পর পদ না থাকা; দুর্নীতি দমন কমিশন (দুদক), সরকারি কর্মকমিশন (পিএসসি), মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) এবং ন্যায়পাল নিয়োগে সাংবিধানিক কমিটি গঠনের সিদ্ধান্তে বিএনপি রাজি হয়নি। দলটি নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা নিয়োগে সংসদীয় বাছাই কমিটি গঠনে একমত হলেও র‍্যাংক চয়েজ ভোটের সিদ্ধান্তেও রাজি নয়।

জামায়াত, এনসিপি, ইসলামী আন্দোলন, গণঅধিকার, এবি পার্টিসহ কয়েকটি দল বলছে, এসব সিদ্ধান্তে ঐকমত্য না হলে সনদ অর্থহীন। সনদ বাস্তবায়নের আইনি বাধ্যবাধকতা না থাকলে তা শুধু দলিল হয়ে থাকবে।

নিউকো ইংকের আয়োজনে সৃজনশীল কর্মশালা ও ভলান্টিয়ার মিটিং অনুষ্ঠিত






শেষ পৃষ্ঠায় পর আয়োজিত এই অনুষ্ঠানে নিউকোর মেন্টর ও মেম্বারবৃন্দ সহ ১৩ থেকে ১৭ বছর বয়সী স্কুল ও কলেজ পড়ুয়া শিক্ষার্থীরা ও তাদের অভিভাবকরা অংশ নেন।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন নিউকো ইংকের ভাইস প্রেসিডেন্ট মিনহাজ আহমেদ এবং সঞ্চালনায় ছিলেন নিউকো মেম্বার ও হাইস্কুল টিচার ইশরাত মিতা। আগামী ২৩ আগস্ট নিউকো ইংক যে ফান্ড রেইজিং ইভেন্ট আয়োজন করতে যাচ্ছে, রোববারের এই অনুষ্ঠান ছিল তার একটি পূর্ব প্রস্তুতি পর্ব। অর্থাৎ ভলান্টিয়ার অরিয়েন্টেশন ও পরিকল্পনা সভা। এতে শিক্ষার্থীরা বিভিন্ন গ্রুপে ভাগ হয়ে সৃজনশীল কার্যক্রমে অংশ নিয়ে নিজেদের চিন্তা, অভিজ্ঞতা ও মেধা দিয়ে অনুশীলন করে একটি ফলপ্রসূ আলোচনায় যুক্ত হয়।

অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন শাহালা ও দিয়া। যাদের গানে মুগ্ধ হয় উপস্থিত সকলে। পাশাপাশি শিক্ষার্থীরা ব্যক্তিগত জীবনের মজার ঘটনা ও স্মৃতিগুলো শেয়ার করে অনুষ্ঠানে প্রাণচাঞ্চল্য এনে দেয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন 'দি অপটিমিস্ট'-এর রানা চৌধুরী, শামীম আহমেদ ও জামাল আহমেদ লিটন। এছাড়াও নিউকো'র অন্যান্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন শাহেদ চৌধুরী, রেজা হক, সৈয়দ মুহিবুর রহমান সহ সংগঠনের বিপুল মেম্বার ও অভিভাবকগণ।

অনুষ্ঠানটি শুধু একটি পরিকল্পনা সভা নয়, বরং একটি সমাজ সচেতন, সৃজনশীল প্রজন্ম গড়ে তোলার প্রত্যয়ে নতুন অধ্যায়ের সূচনা বলেই মনে করছেন আয়োজকরা।







স্কুলশিক্ষার্থীদের প্রেসিডেনশিয়াল ফিটনেস টেস্ট কী, কেন ফিরিয়ে আনলেন ট্রাম্প

অনলাইন ডেস্ক: আবার চালু হচ্ছে যুক্তরাষ্ট্রের বহু বছরের পুরোনো ঐতিহ্যবাহী শারীরিক পরীক্ষার প্রথা-প্রেসিডেনশিয়াল ফিটনেস টেস্ট। বার্তা সংস্থা এপির প্রতিবেদন অনুযায়ী, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত বৃহস্পতিবার একটি নির্বাহী আদেশে ঘোষণা দিয়েছেন, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য পরীক্ষাটি পুনরায় বাধ্যতামূলক করা হচ্ছে।

১৯৬৬ সালে যাত্রা শুরু করা এই ফিটনেস টেস্ট একসময় আমেরিকার স্কুলশিক্ষার নিয়মিত অনুষঙ্গ ছিল। এক মাইল দৌড়, সিট-আপ, পুশ-আপ, স্ট্রেচিংসহ বিভিন্ন পরীক্ষার মাধ্যমে ছাত্রছাত্রীদের শারীরিক সক্ষমতা নির্ধারণ করা হতো। তবে ২০১২ সালের পর ওবামা প্রশাসনের সময় এটি বাতিল করা হয় এবং শিক্ষার্থীদের স্বাস্থ্য ও মানসিক সক্ষমতার দিকে বেশি গুরুত্ব দেওয়া হয়।

২০১২ সালে এই প্রোগ্রামে পরিবর্তন আনা হয় এবং এটিকে ইয়ুথ ফিটনেস প্রোগ্রাম হিসেবে নতুন করে সাজানো হয়। সেই সময়কার ফার্স্ট লেডি মিশেল ওবামা তাঁর "লেট'স মুভ" উদ্যোগের মাধ্যমে শিশুদের স্থূলতা কমানোর ওপর জোর দেন। পুরোনো ওয়েবসাইট অনুসারে, নতুন ইয়ুথ ফিটনেস টেস্টের লক্ষ্য ছিল, শিশুদের মধ্যে তুলনা কমিয়ে প্রত্যেকের ব্যক্তিগত সুস্থতার লক্ষ্য অর্জনে সহায়তা করা।

ট্রাম্প এই পরীক্ষাকে 'একটি দুর্দান্ত ঐতিহ্য' আখ্যা দিয়ে বলেন, 'আমরা এটা আবার ফিরিয়ে আনছি। এতে শিশুদের মধ্যে শৃঙ্খলা, আত্মবিশ্বাস ও স্বাস্থ্য সচেতনতা তৈরি হবে।'

ট্রাম্পের সই করা এই নির্বাহী আদেশে একটি জাতীয় ক্রীড়া পরিষদকেও পুনরুজ্জীবিত করা হয়েছে। এই পরিষদের সদস্যরা হবেন



মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: সিএএনএন

বর্তমান ও সাবেক ক্রীড়াবিদ এবং খেলাধুলার জগতের অন্য বিশিষ্ট ব্যক্তিরা।

ট্রাম্প জানান, প্রেসিডেন্টস কাউন্সিল অন স্পোর্টস, ফিটনেস ও নিউট্রিশন নামের এই পরিষদ কলেজ ক্রীড়া-সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়েও কাজ করবে। এই পরিষদে সর্বোচ্চ ৩০ জন সদস্য থাকবেন এবং এটি প্রেসিডেনশিয়াল ফিটনেস অ্যাওয়ার্ডের মানদণ্ডও তৈরি করবে। এই ফিটনেস টেস্ট পরিচালনার দায়িত্বে থাকবেন মার্কিন স্বাস্থ্যমন্ত্রী রবার্ট এফ কেনেডি জুনিয়র।

ঘোষণা অনুষ্ঠানে ট্রাম্পের সঙ্গে যোগ দেন তাঁর বন্ধু পেশাদার গলফার ব্রাইসন ডিচ্যাম্বো, ক্যানসাস সিটি চিফসের কিকার হ্যারিসন বাটকার, সুইডিশ গলফার অ্যানিকা সোরেনস্টাম এবং ডব্লিউডব্লিউইয়ের প্রধান কনটেন্ট অফিসার পল ট্রিপল এইচ লেভেস্ক।

এদিকে এই কাউন্সিলের সদস্যদের মধ্যে বিতর্কিত নামও রয়েছে। যেমন, লরেন্স টেলর ২০১১ সালে যৌন অপরাধে দোষী সাব্যস্ত হন এবং পরে আরও একটি মামলায় আদালতে দোষ স্বীকার করেন। অন্যদিকে হ্যারিসন বাটকার তাঁর এক বক্তব্যে নারীদের ক্যারিয়ারের চেয়ে সংসারকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়ে তীব্র সমালোচনার মুখে পড়েছিলেন।

তবে ট্রাম্পের ভাষ্য অনুযায়ী, এসব বিতর্ক নয়, বরং যুক্তরাষ্ট্রের ভবিষ্যৎ প্রজন্মের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিত করাই এই কর্মসূচির মূল লক্ষ্য।

ইউনিভার্সিটি অব মিশিগানের কাইনসিওলজি বিভাগের অধ্যাপক লরা রিচার্ডসন বলেন, ট্রাম্প শিশুদের শরীরচর্চার ওপর গুরুত্ব দিচ্ছেন, এটা ভালো উদ্যোগ। তবে শুধু পরীক্ষার মাধ্যমে শিশুদের স্বাস্থ্য ভালো হবে না। তাঁর মতে, এই পরীক্ষা হওয়া উচিত একধরনের শুরু, যার সঙ্গে এমন শিক্ষা বা প্রশিক্ষণও থাকতে হবে যার মাধ্যমে প্রতিটি শিক্ষার্থী ধীরে ধীরে নিজের স্বাস্থ্যকে আরও উন্নত *৯-এর পৃষ্ঠায় দেখুন*

সৌদি আরবে এক দিনে ৮ জনের মৃত্যুদণ্ড কার্যকর

অনলাইন ডেস্ক: সৌদি আরবে এক দিনে আটজনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। রোববার দেশটির রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যমের খবরে এ তথ্য জানানো হয়। সর্বোচ্চ সাজা মৃত্যুদণ্ডের ব্যবহার নজিরবিহীন গতিতে বৃদ্ধি করেছে সৌদি আরব। বিশেষজ্ঞরা বলেছেন, মাদক চোরাচালান দমনে কঠোর অবস্থান নেওয়ায় উপসাগরীয় দেশটিতে মৃত্যুদণ্ডের সাজা কার্যকরের এই সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) বলেছে, শনিবার দেশটির দক্ষিণাঞ্চলীয় নাজরান অঞ্চলে চার সোমালি ও তিন ইথিওপীয় নাগরিকের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। তাদের বিরুদ্ধে সৌদি আরবে 'হাশিশ' চোরাচালানের অভিযোগ ছিল। এ ছাড়া মাকে হত্যার দায়ে সৌদি এক নাগরিকেরও মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে বলে জানিয়েছে এসপিএ।

এএফপির পরিসংখ্যানে বলা হয়েছে, দেশটিতে চলতি বছরের শুরু থেকে এখন পর্যন্ত অন্তত ২৩০ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। এর মধ্যে শুধু মাদকসংশ্লিষ্ট অপরাধের দায়ে ১৫৪ জনকে মৃত্যুদণ্ড দিয়েছে সৌদি।

সৌদি আরবে ২০২৪ সালে ৩৩৮ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়, যা ১৯৯০-এর দশকে সর্বোচ্চ এই সাজা কার্যকরের রেকর্ড রাখা শুরুর পর থেকে সবেচেয়ে বেশি। চলতি বছর মৃত্যুদণ্ড কার্যকরের সংখ্যা গত বছরের রেকর্ড ছাড়িয়ে যেতে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছে।

বিশ্লেষকরা ২০২৩ সালে শুরু হওয়া 'মাদকবিরোধী যুদ্ধ'র সঙ্গে বর্তমানের মৃত্যুদণ্ড



কার্যকরের ঘটনার সংশ্লিষ্টতা দেখছেন। তারা বলেছেন, সেই সময় গ্রেপ্তারদের দীর্ঘ বিচার প্রক্রিয়া শেষে বর্তমানে মৃত্যুদণ্ড কার্যকর করা হচ্ছে।

চলতি মাসের শুরুর দিকে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল সৌদি আরবে মৃত্যুদণ্ড কার্যকরের এই ঊর্ধ্বগতির তীব্র সমালোচনা করে। সংস্থাটির মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকাবিষয়ক উপপরিচালক ক্রিস্টিন বেকারলে বলেন, আমরা এক ভয়াবহ প্রবণতা লক্ষ্য করছি, যেখানে বিদেশিদের ক্রমবর্ধমান হারে এমন অপরাধের দায়ে মৃত্যুদণ্ড দেওয়া হচ্ছে- যেগুলোর জন্য কখনোই মৃত্যুদণ্ড প্রযোজ্য হওয়া উচিত নয়।

মানবাধিকার কর্মীরা বলছেন, দেশে উন্মুক্ত ও সহনশীল সমাজ গঠনের যে ভাবমূর্তি তুলে ধরছে সৌদি কর্তৃপক্ষ, মৃত্যুদণ্ড জারি রাখার মাধ্যমে তা ক্ষুণ্ন হচ্ছে। যদিও ওই ভাবমূর্তি সৌদির যুবরাজ মোহাম্মদ বিন সালমানের 'ভিশন-২০৩০' সংস্কার পরিকল্পনার অংশ। তবে সৌদি কর্তৃপক্ষ বলছে, মৃত্যুদণ্ড জনশৃঙ্খলা রক্ষায় প্রয়োজন এবং সব ধরনের আপিলের সুযোগ শেষেই শুধু এই সাজা কার্যকর করা হয়।

এবার জুলাই সনদ বাস্তবায়নের পথ খুঁজছে কমিশন

বাংলা পত্রিকা ডেস্ক: বিএনপি মতামত দিলেও জুলাই জাতীয় সনদ-২০২৫-এর খসড়ায় মতামত দেয়নি জামায়াতে ইসলামী, এনসিপি, ইসলামী আন্দোলনসহ অন্তত ১৩টি দল। সনদের আইনি ভিত্তি চাওয়া এ দলগুলোর দাবি- নির্বাচনের আগেই সাংবিধানিক সংস্কার হতে হবে, ভোট হবে সনদের অধীনে। এই বাস্তবতায় জুলাই সনদ বাস্তবায়নের পথ খুঁজছে প্রধান উপদেষ্টার নেতৃত্বাধীন জাতীয় ঐকমত্য কমিশন।

গতকাল রোববার সংসদ ভবনে কমিশনের কার্যালয়ে অনুষ্ঠিত সভায় রাজনৈতিক দলগুলোর সঙ্গে আরও আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পরে যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। আলী রীয়াজ সমকালকে বলেন, কমিশনের বৈঠকের বিষয়ে সরকারপ্রধানকে অবহিত করা হয়েছে।

কমিশনের প্রাথমিক লক্ষ্য ছিল, ৩১ জুলাইয়ের মধ্যে সনদ স্বাক্ষরের কাজ শেষ করা। পরে লক্ষ্য নির্ধারণ করা হয় ৫ আগস্ট। কিন্তু এখনও খসড়া চূড়ান্ত না হওয়ায় কমিশনের মেয়াদের মধ্যে সনদ হবে কিনা- এমন অনিশ্চয়তা তৈরি হয়েছে। ১৫ আগস্ট কমিশনের নির্ধারিত মেয়াদ শেষ হবে।

মনির হায়দার সমকালকে বলেন, সব দলের মতামত পাওয়ার পর সনদের খসড়া করা হবে। এরপর বাস্তবায়নে পথ নিয়ে আলোচনা হবে। তারপর সনদ চূড়ান্ত হবে। আশা করা যাচ্ছে, কমিশনের মেয়াদের মধ্যে এসব কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ সমকালকে বলেছেন, সনদে মতামত দিতে বিশেষজ্ঞদের নিয়ে কাজ করছেন তারা। এর জন্য আরও কয়েকদিন সময় লাগবে। সনদ কীভাবে বাস্তবায়ন করা যায়- এ বিষয়ে বিশেষজ্ঞদের মতামত কমিশনকে জানাবে জামায়াত। তিনি বলেন, সনদ নির্বাচনের আগে বাস্তবায়ন হতে হবে। পরবর্তী সংসদ সনদ অনুযায়ী সংবিধান সংস্কারকে অনুমোদন করবে। এর জন্য কী কী কাজ করতে হবে তা জামায়াতের মতামতে থাকবে। সনদের চূড়ান্ত খসড়ায় যদি বাস্তবায়নের পথ না থাকে তবে সই করা হবে না।

গত শনিবার এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম দাবি করেন, জুলাই সনদের অধীনে নির্বাচনে হতে হবে। একই অবস্থান পুনর্ব্যক্ত করে সংলাপে দলের প্রতিনিধিত্ব করা এনসিপির যুগ্ম আহ্বায়ক জাবেদ রাসিন সমকালকে বলেছেন, সংস্কার বাস্তবায়নে কমিশনের প্রস্তাব ছিল গণভোট, গণপরিষদ, পরবর্তী সংসদসহ ছয়টি উপায়।

রাজনৈতিক দলগুলোর মতামত দেওয়ার কথা কীভাবে সংস্কার হবে। কিন্তু কমিশন একটি দলের প্রতি ঝুঁকে পরবর্তী সংসদে সংস্কার বাস্তবায়নের প্রস্তাব করেছে, যা অগ্রহণযোগ্য। তবে এনসিপি কয়েকদিনের মধ্যে সনদের বিষয়ে মতামত দেবে। এনসিপির প্রধান দাবি গণপরিষদ। তবে মতামতে বলা থাকবে, কীভাবে নির্বাচনের আগে সংস্কার এবং সনদের অধীনে ভোট করা যায়।

সংস্কার

- খসড়ায় মতামত দিয়েছে বিএনপি
- জামায়াত, এনসিপি, চরমোনাই দেয়নি
- দলগুলোর সঙ্গে আরও আলোচনার সিদ্ধান্ত
- ঘোষণাপত্র নিয়েও মতভিন্নতা

চরমোনাই পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলনও সনদের আইনি ভিত্তি চায়। দলটির মহাসচিব ইউনূস আহমদ সমকালকে বলেছেন, মুখের কথার অঙ্গীকার অতীতে রক্ষিত হয়নি। ইসলামী আন্দোলন আগে থেকেই বলে আসছে, নির্বাচনের আগে সংস্কার হতে হবে। তাই পিআরসহ মৌলিক সংস্কার বাস্তবায়নের মাধ্যমে সনদের অধীনে নির্বাচন হতে হবে। নয়তো সনদে সই করা হবে না।

বিএনপি ইতোমধ্যে মতামত দিয়েছে বলে শনিবার সমকালকে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। সনদ বাস্তবায়নে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আরও আলোচনার সিদ্ধান্তের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, বিএনপিকে যখনই আলোচনায় আমন্ত্রণ করা হয়েছে, গিয়েছে। আবারও আলোচনা করলে বিএনপি যাবে।

অধ্যাপক আলী রীয়াজ সমকালকে বলেছেন, সনদের বিষয়ে বিএনপিসহ ১৬-১৭ দলের মতামত পাওয়া গেছে। বাকিদের মতামত পাওয়ার পর কমিশন সনদের খসড়া চূড়ান্ত করবে। এরপর বাস্তবায়ন পদ্ধতি নির্ধারণে রাজনৈতিক দল এবং বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করা হবে।

জুলাই ঘোষণাপত্র নিয়েও মত-দ্বিমত

শুধু সনদ নয়, রাজনৈতিক দলগুলোর মত-দ্বিমত চলছে জুলাই ঘোষণাপত্র নিয়েও। ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থান দিবসে গণঅভ্যুত্থানের শরিক রাজনৈতিক দল ও পক্ষগুলোকে পাশে নিয়ে ঘোষণাপত্র প্রকাশ করবেন ড. ইউনূস। জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা থেকে বিকেল ৫টায় ঘোষণাপত্র পাঠ উপলক্ষে মানিক মিয়া অ্যাভিনিউসহ পুরো এলাকায় সাজ সাজ রব চলেছে। ঢাকার বাইরে থেকে ছাত্র-জনতার যাতায়াতে আটটি ট্রেন ভাড়া করেছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়।

ঘোষণাপত্র প্রকাশ উপলক্ষে বিপুল আয়োজন থাকলেও রাজনৈতিক দলগুলোর মধ্যে এখনও মত-দ্বিমত চলছে। গতকাল গণঅধিকার পরিষদ জানিয়েছে, খসড়া নিয়ে আলোচনা না করায় ঘোষণাপত্র প্রকাশ অনুষ্ঠানে তারা যাবে না।

গত ১৪ জানুয়ারি সরকার ঘোষণাপত্রের প্রথম খসড়া করে। তখন এর ওপর ৩২টি দলের মতামত গ্রহণ করা হয়। এরপর ঘোষণাপত্রের আলোচনা চাপা পড়ে। জুলাই গণহত্যার দায়ে আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে গত ৮ মে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা ঘেরাও করে আবার ঘোষণাপত্রের প্রসঙ্গ সামনে আনা হয়। ১০ মে রাতে উপদেষ্টা পরিষদের জরুরি সভায় সিদ্ধান্ত হয়, ৩০ কার্যদিবসের মধ্যে জুলাই ঘোষণাপত্র চূড়ান্ত করে প্রকাশ করবে সরকার।

এই সময়সীমা শেষ হয়েছে গত ১ জুলাই। গত ১৩ জুলাই বিএনপি এবং এনসিপিকে ঘোষণাপত্রের খসড়া পাঠায় সরকার। পরে জামায়াতসহ কয়েকটি দলকেও খসড়া পাঠানো হয়। দলগুলোর মতামত অন্তর্ভুক্ত করে ২৭ জুলাই চূড়ান্ত খসড়া পাঠানো হয় বিএনপি, জামায়াত ও এনসিপিকে। এ দলগুলোর মতামত নিয়ে ঘোষণাপত্র চূড়ান্ত করেছে সরকার। তবে এতে কী কী থাকছে, তা প্রকাশ করেনি সরকার। ঘোষণাপত্রের চূড়ান্ত রূপ রাজনৈতিক দলগুলোকেও দেখানো হয়নি।

এ অবস্থায় ঘোষণাপত্র পাঠের সময় সব দল প্রধান উপদেষ্টার পাশে থাকবে কিনা, এ নিয়েও অনিশ্চয়তা দেখা দিয়েছে। গত শনিবার বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ সমকালকে বলেন, ঘোষণাপত্রে তাদের মতামতের প্রতিফলন না থাকলে বিএনপি অনুষ্ঠানে যোগ দেবে কিনা- বিবেচনা করে দেখা হবে।

জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের সমকালকে বলেন, জনগণের মতামতের প্রতিফলন থাকতে হবে ঘোষণাপত্রে। জামায়াত মতামত দিয়েছে, প্রস্তাবনায় অন্তর্ভুক্তির মাধ্যমে ঘোষণাপত্রের সাংবিধানিক স্বীকৃতি থাকতে হবে।

এনসিপিও ঘোষণাপত্রকে সংবিধানের প্রস্তাবনায় চায়। বিএনপি ঘোষণাপত্রের সারাংশ সংবিধানের চতুর্থ তপশিলে যুক্ত করতে চায়।

সনদ নিয়ে টানাপোড়েন

গত ৩১ জুলাই ৩০ দল ও জোটের সঙ্গে দ্বিতীয় ধাপের আলোচনা শেষ করে ঐকমত্য কমিশন। এর আগে গত ২৮ জুলাই সনদের খসড়া পাঠানো হয় দলগুলোকে। দলগুলোর সঙ্গে ২ জুন থেকে ২৩ দিন সংলাপ করে কমিশন। সনদের প্রাথমিক খসড়ায় শুধু পটভূমি এবং সাত দফা অঙ্গীকার রয়েছে। বিস্তারিত সনদে বলা থাকবে কোন কোন সংস্কার কীভাবে হবে।

খসড়ায় সাত দফা অঙ্গীকার রয়েছে। সনদের দ্বিতীয় দফায় সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার বিভাগ, জনপ্রশাসন, পুলিশ এবং দুর্নীতি দমন কমিশনের (দুদক) সংস্কারে যেসব সুপারিশে দলগুলোর ঐকমত্য হয়েছে, সেগুলো বাস্তবায়নের অঙ্গীকার রয়েছে। এতে বলা হয়েছে, এর জন্য সংবিধানে প্রয়োজনী সংশোধন, পরিমার্জন, পুনর্লিখন এবং আইন, বিধিবিধানেও অনুরূপ পরিবর্তন করা হবে। আগামী সংসদ নির্বাচনে গঠিত সরকার তা দুই বছরের মধ্যে করবে। বিএনপি এতে একমত হলেও বিরোধী জামায়াত, এনসিপি, ইসলামী আন্দোলনসহ কয়েকটি দল রাজি হয়নি। তাদের দাবি, সনদ বাস্তবায়নে আইনি বাধ্যবাধকতা থাকতে হবে, না হলে তারা তাতে সই করবে না।

ঐকমত্যের সংলাপে কমিশন ২০টি সংস্কারের সিদ্ধান্ত দিলেও আটটিতে ঐকমত্য হয়নি বিএনপি, জামায়াতে ইসলামী ও এনসিপি। বিএনপি চারটি সিদ্ধান্ত বাস্তবায়নে রাজি নয়। তিনটিতে নোট অব ডিসেন্টসহ (আপত্তি) একমত হয়েছে। জামায়াত একটি সিদ্ধান্তে রাজি নয়। দলগুলো জানিয়েছে, যেসব সিদ্ধান্তে তারা রাজি নয়, ক্ষমতায় গেলে সেগুলো বাস্তবায়ন করবে না।

ভোটের অনুপাতে (পিআর) পদ্ধতিতে উচ্চকক্ষ গঠন, প্রধামন্ত্রীর একাধিক *১০-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে ‘জুলাই বিপ্লব বার্ষিকী’ উদযাপন





শেষ পৃষ্ঠায় পর

প্রদর্শণী উদ্বোধন করেন বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক আখতার হোসেন বাদল।

বিকেলে বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের খতিব ও ইমাম মির্জা আবু জাফর বেগ। এসময় সকল শহীদ ও নিউইয়র্কে বন্দুকধারীর গুলিতে নিহত বাংলাদেশী পুলিশ অফিসার দিদারুল ইসলাম রতন সহ দেশের সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। অনুষ্ঠান আয়োজক কমিটির আহ্বায়ক আব্দুস সবুরের সভাপতিত্বে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন সি লু। তিনি তার বক্তব্যের পর অতিথি ও সংগঠকদের মাঝে সম্মাণনা সার্টিফিকেট বিতরণ করেন। এছাড়াও আয়োজক সংগঠনের পক্ষ থেকের প্ল্যাক প্রদান করা হয়।




অনুষ্ঠানের মূল আলোচনায় অংশ নেন বিশিষ্ট রাজনীতিক আব্দুল লতিফ সম্রাট ও আলী ইমাম শিকদার, অধ্যাপক ড. শওকত আলী, মূলধারার রাজনীতিক এটর্নী মঈন চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, টিবিএন২৪ চ্যানেল-এর ভাইস প্রেসিডেন্ট এএফএম মিসবাহউজ্জামান, কবি জহিরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মিনা ফারাহ, মোশাররফ হোসেন সবুজ, জয়নাল আবেদীন, মাহাতাব উদ্দিন, শাহানা মাসুম, জাকির হাওলাদার, নতুন প্রজন্মের প্রতিনিধি ইউটিউবার প্রিসিলা, মাহতাব খান প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পেট্রিয়টস অফ বাংলাদেশ-এর সভাপতি আব্দুল কাদের ও দেলোয়ার হোসেন শিপন।

অনুষ্ঠানে বিশিষ্ট চিকিৎসক ডা. জুম্মুন চৌধুরী, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী এবিএম ওসমান গণি, রাজনীতিক আনোয়ার হোসেন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট প্রফেসর সৈয়দ আজাদ সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উনবাঙাল-এর শিল্পীরা ছড়া, কবিতা পাঠ ও সঙ্গীত পরিবেশন করেন। এসময় ছড়া পাঠ করেন কবি জহিরুল ইসলাম, কবিতা পাঠ করেন আহসান হাবীব, মোহাম্মদ সাদিক, সোহেল হাবীব ও রেনু রোজা। দলীয়ভাবে জুলাই আন্দোলন-২০২৪ নিয়ে লেখা গান আর দেশের গান সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, মিতা হোসেন, মুক্তি জহির, রেজা কামাল, নজরুল ইসলাম, চমক ইসরাম, মুন্না চৌধুরী ও রোজী, রেনু রোজা। অনুষ্ঠানের মাঝে জুলাই বিপ্লবের আন্দোলনের ভিডিও চিত্র প্রদর্শন করা হয়।


উল্লেখ্য, অনুষ্ঠানের আলোচনা পর্বে মিনা ফারাহ বিএনপি সম্পর্কে ‘আপত্তিকর’ বক্তব্য দিলে সেখানে উপস্থিত যুক্তরাষ্ট্র বিএনপি নেতা-কর্মীরা বাধা দিলে খানিকটা উত্তেজনার সৃষ্টি হয়। পরে মিনা ফারাহর বক্তব্য আয়োজকরা প্রত্যাহার করার পর যথ ারীতি অনুষ্ঠান শুরু হয়।











এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



গত সপ্তাহে ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যেসব তথ্যপত্র প্রয়োজনঃ

এ বিষয়ে এর আগেও প্রকাশ করা হয়েছে। আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে পুনরায় প্রকাশ করা হলো।

যদি কেউ ইউএসএ'তে অবস্থান কারেন এবং তার পারিবারিক ও চাকুরিভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করে গ্রীন কার্ড পেতে পারেন। স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যেসব তথ্যপত্র প্রয়োজন–

পরিবার ভিত্তিক কেসঃ

অবিবাহিত আত্মীয়– ইউএসএ'তে সিটিজেনদের স্পাউস, পিতা-মাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে। ইউএস সিটিজেনদের অব্যবহিত আত্মীয় যারা ইউএসএতে বৈধভাবে প্রবেশ করেছেন তারা স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশন ফাইল করতে পারেন। ইউএস সিটিজেনদের ২১ বছর বয়সের উর্ধ্বে অবিবাহিত সন্তান এবং সহোদর ভাইবোনঃ

উপরে উল্লেখিত ব্যক্তিরা পারিবারিক ভিত্তিতে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন– যদি, ১. বৈধ ভিসা ইউএসএ প্রবেশ করে থাকেন, এবং ২. বর্তমানে বৈধ স্ট্যাটাস থাকে, ৩. যদি অনুমোদিত আই-১৩০ থাকে সেই সাথে ৪. যদি তার ক্যাটাগরিতে যথেষ্ট ভিসা থাকে।

গ্রীন কার্ডধারীঃ

একজন গ্রীন কার্ডধারী নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্য আবেদন করতে পারবেনঃ

১. স্পাউস (স্বামী/স্ত্রী), ২. অবিবাহিত সন্তান, যদি তাদের বৈধ প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ থাকে।

উপরন্তু অনুমোদিত আই-১৩০ পিটিশন অনুমোদিত হলে এবং আবেদনকৃত ক্যাটাগরিতে ভিসা থাকলে।

কর্মভিত্তিক কেসঃ

সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে ইউএসএ স্ট্যাটাস এ্যাডজাস্ট করা যাবে। কেবল সেই ক্ষেত্রে যদি আপনার এদেশের প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। এছাড়াও স্ট্যাটাস এ্যাডজাস্ট করা যাবে যদি অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৩০ থাকে। এছাড়াও এ ক্যাটাগরিতে ভিসা থাকতে হবে।

২৪৫-আইঃ আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন ২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকেন।

একজন যদি সেকশন ২৪৫-আই'র সুবিধাভোগী হয়ে থাকে সেক্ষেত্রে আপনার বৈধ বিচার এন্ট্রি না থাকলেও স্ট্যাটাসে এ্যাডজাস্টমেন্টর জন্য আবেদন করতে পারেন।

এক্ষেত্রে বৈধ স্ট্যাটাস ছাড়াও ইউএসএ'তে বসবাস করলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন।

এ ব্যাপারে আমাদের পরামর্শ হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে প্রতিনিয়ত পরিবর্তন হয়। সে কারণে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে একজন ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষ্যাতে পরামর্শ করা ভালো।

ভিসা বুলেটিনে দ্বৈত চার্টঃ

ইউ এস স্টেট ডিপার্টমেন্টের পরিবার এবং চাকুরীভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দুটি চার্ট প্রকাশ করে থাকে। একটি চার্ট ফাইনাল এ্যাকশন হিসাবে ব্যবহৃত হয়। এই চার্টটি হচ্ছে চার্ট এ। এই চার্ট একজন আবেদনকারীর গ্রীন কার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়।

আর দ্বিতীয় চার্ট হচ্ছে ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাৎকারের জন্য চূড়ান্তভাবে ফাইল করার লক্ষ্যে। এটাই চার্ট 'বি'। প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ। চার্ট 'বি' ভিসা আবেদন ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়।

আগস্ট ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টে ডিপার্টমেন্ট (ডিওএস) আগস্ট ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে আগস্ট ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, "ফাইনাল এ্যাকশন ডেট" বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ হয় এর পূর্বে।

আগস্ট ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অগ্রগতি হয়নি।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।


তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

আমরা সবসময় যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এ্যাটর্নীর সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।


যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

ভালোবাসাময় পোড়োবাড়ি
শেখর ভট্টাচার্য

পোড়োবাড়িতে অন্ধকারে একাকী ছিলাম আমরা
স্তব্ধতার ছন্দে বাড়ির দেয়ালে কাব্য চর্চা
লিখি আর নেতানো তেনাতে মুছি বার বার
বিনোদনে টইটম্বুর কাঁচ ফাটা ভৌতিক রাত,

দেয়ালে কিলবিল করে রূপক ছন্দ আর চিত্রকল্প
পোড়োবাড়ি নিয়ে কতো অসার গল্প, মিথ্যার কারবার
জ্যোৎস্নার শুদ্ধতা, নিষ্কাম প্রেম, বৃষ্টির মাত্রায় ভালোবাসা
পোড়োবাড়িতে ভোরের জ্যোৎস্না নদী হয়ে বইতে থাকে
স্বপ্নের ভগ্নাংশ পরিপূর্ণ গল্প হয়ে শ্যাওড়া গাছকে গুড়িয়ে দেয়
অচলায়তন সরে যায় নীরবে, মুক্ত ধারায় শুদ্ধ বাতাসে
শেকল ছেড়ে প্রজাপতি পাখা মেলে অসীম আকাশে।



শকুন
হাবিব ফয়েজি

আমাদের বাড়িতে বিশাল একটি সরিকান পুকুর আছে
পুকুরের দক্ষিণ দিকের পূর্ব পারে বড়ো একটি শিমুল গাছ ছিলো
যখন ফুল ফুটতো তখন যেন পুরো বাড়ির চেহারা পাল্টে যেতো
আর বিকেলে আমরা শিমুল ফুলকে কর্ক বানিয়ে
ব্যাটমিন্টন খেলতাম। আহা ছোটবেলা!

বৎসরান্তে দু'একবার আমরা অবাক হয়ে দেখতাম
ঝাঁকে ঝাঁকে শকুন এসে পুরো গাছ দখল করে নিতো
শকুন দেখে আমরা ছোটরা অনেক ভয় পেতাম
হঠাৎ শকুনের আগমনের কারণ জানতে চাইলে
বড়োরা বলতেন- গ্রামের কারো গরু মরেছে, তাই

তারপর অভয় দিয়ে বলতেন-
গরু খাওয়া শেষ হলে ওরা আর থাকবে না,
তিন চার দিন পর এমনিই চলে যাবে
এছাড়াও মরা গরু খাওয়ার আশায়
দিনের বেলা কয়েকটি কুকুরকে দেখা যেতো আর
রাতের বেলা দলবেঁধে আসতো শিয়াল
কিন্তু শকুনের ভয়ে কেউ কাছে যেতে পারতো না
শুধু কুকুরের ঘেউঘেউ আর শিয়ালের হুক্কা হুয়া শোনা যেতো

আমাদের সেই শিমুল গাছটা আর নেই,
শকুনও আর আসে না আমাদের বাড়িতে
তবে ইদানীং আমার চারপাশে প্রায় সময়ই
শকুনের দাপাদাপি দেখি, আর ভয়ে শিউরে ওঠি-

পাখির ভাবনার সীমানা
সুফিয়ান আহমদ চৌধুরী

জয়-পরাজয় নিয়ে স্মৃতির ভেলায় ভাসি
কখনো উড়ি ডানা ছড়িয়ে একা একা
যেনো পৃথিবীর এক করুণ পাখি।
উড়ি দেশে দেশে- হিম সাইবেরিয়া
আবার উত্তাপ ছড়ানো কোনো সীমানা।

রাতের নির্জন পাথারে গভীর অন্ধকারে
পাখিটি খুঁজে পাতার আলে ভালোবাসার নীড়।
জীবন তো কেবল অবিরাম ছুটে চলার নয়
কখনো কখনো অবসাদে চায় শান্তির আশ্রয়,
আমাদের বেদনাগুলো যখন হেসে উঠে
তখন বুকের গহীনে ভাসে ঝড়ের আভাস
তখন ঘন বর্ষায় ভাসে এপাড়া ওপাড়া।

আমরা আমাদের নীল রঙের স্মৃতিগুলো
মধ্যরাতের ঘুম ঘোর কেড়ে নেয়া স্মৃতিগুলো
ভুলে যেতে চাই,
তবু বারবার ফিরে আসে ফেনীল উচ্ছ্বাসে।

পাখি কিংবা মানুষ প্রত্যেকেই ফুলের সুবাস চায়
একটি নরম রোদের উজ্জ্বল ভোর চায়
অথচ ঘুরে ফিরে আসে সেই একই অন্ধকার!

আমার একটা মেঘাচ্ছন্ন আকাশ ছিল
গোলাম রববানী

আমার একটা মেঘাচ্ছন্ন আকাশ ছিল
যে আকাশে লাইলি ছিল, ডেসডিমোনা ছিল-
কাদম্বিনী, চারুলতা, কমলিনী, সীতা ছিল,
নীলাকাশ-মেঘ-আকাশের বেশ রসায়ন ছিল।

আমার একটা মেঘালয়-যোগ পাহাড় ছিল,
নানা গল্প-উপন্যাসের মেয়েদের দল ছিল।
আমার একটা আয়েশা আর কুন্দনন্দিনী ছিল,
ষোড়শী আর কিরণময়ীর জ্যোতি ছিল।

আমার একটা অরণ্য আর গহীন জঙ্গল ছিল,
জায়েদা আর প্যারীসুন্দরীর নুর ছিল।
ব্লাইট, প্রিন্স, স্কারলেট ও'হারা ছিল,
আমার একটা আসল জোয়ান ডিডিয়ন ছিল।

আমার একটা চোরা গুপ্ত সংযোজনের দ্বীপ ছিল,
লরা, ট্রাভিস, অ্যামি পার্কার- জীবনবৃক্ষ ছিল।
নোওমা আর সিত্তা, র‍্যামো-আদিয়ার কাল ছিল,
মনস্তত্ত্ব-সংকট-সাগর- অসীম-সসীম ছিল।

আমার কোনো লেডি ম্যাকবেথ, ওফেলিয়া ছিল না,
জুডিথ, এমা, কারেনিয়া, ন্যাটাশিয়া ছিল না।
ভুলে গেছি, অবাক বিশ্বে প্রণয় প্রীতি ছিল-
প্রেমরাজ্যের সিদ্ধ-পূর্ণ প্রেমপাপ এক বুক ছিল।

আন্ধাপ্রেমিক
মামুন সুলতান

উড়ে আসা চুলের ঘুমহীন লেবুর ঘ্রাণ
লবণ মেশানো প্রেম বিলি কাটে উড়ন্ত হাওয়ায়

শাদা হরিণের মতো বাতাস শিকারে গেলে
গন্ধীয় শরীরে জানি বিদ্ধ হবে না ধনুক
পরাবাস্তব অসুখে শায়িত হয় প্রেমিকের মন

আধেক জীবন গেলো আঁধার পাথারে শুয়ে
আধেক জীবন নিয়ে নাক ঘষি ঘ্রাণের মার্জিনে

বাতাস ধরার মতো তোমার আন্ধাপ্রেমিক
চুলের বন্ধন খুলে বাতাসে ছেড়ে দাও
পুবালি হাওয়ায় ভেসে আসুক জবা ফুলের ঘ্রাণ।

আত্মহত্যার চিরকুট
এম এ ওয়াজেদ

মানুষ কী পচনশীল পণ্য? হতেও পারে
রাতগুলো গভীর থেকে গভীরতর হয়
নির্জনতার নৈঃশব্দ্যের নগরী ভুলে যায়
দুঃখবাদী চ্যাপ্টারের সমান্তরাল হিসেব নিকেশ
যে অভিমানী অসীম সাহা রাজকীয় ফরমান
পালনের স্থির প্রতিজ্ঞায় আত্মজ্ঞানবাদী মুখ ছিলো
আত্মহত্যার চিরকুটে সে লিখে রাখে বঞ্চনার প্রচ্ছদ

দ্বন্দ্বমুখর প্রবণতায় বেড়ে চলে জীবনের লেনদেন
পাকস্থলীর দাসত্ব পলাতকা শ্বাস প্রশ্বাস
ফেরারি শুভবোধের আত্মগোপন অথবা অমানবিকতা
নষ্টাচারের ধুলোবালিছাই ব্যালে নৃত্যের সুখবাদিতা
কেড়ে নিয়েছে সম্ভাবনার মানবিক উচ্ছলতা
সামাজিক বিন্যাসের কাঁধে ভর করে
আত্মবিকারের নির্লজ্জ দানবিক প্রোফাইল

দুখ:অগ্নির শ্মশানে ভস্মীভূত অসীম সাহা
লিখে রাখা আত্মহত্যার চিরকুট
খুঁজতে থাকে রাষ্ট্রীয় প্রেমনগরের পুষ্প দরজা।

প্যাডেলে পথচলা
স্বপন শর্মা

জীবনটা যেন
প্যাডেলচালিত রিকশার মতো
পায়ের ছন্দেই গতি,
চলার একমাত্র উৎস।
চলার পথে, যানজটে থমকে দাঁড়াই
একফালি স্বস্তির নিশ্বাসে
চেয়ে থাকি ট্রাফিক সিগন্যালে
কখন জ্বলবে সেই সবুজ আলো?


পড়ন্ত বেলায়
জড়তা আসে পা'য়ে ঘূর্ণিয়মান গতি কমে তখন
নীড়ে ফেরা ক্লান্ত পাখির মতো
খুঁজে ফিরি একটুকরো আশ্রয়,
একটু নিশ্চিন্ত গন্তব্য।

বৈষম্যের ভারে নুয়ে
প্যাডেলচালিত রিকশার মতোই
রাজপথে উঠে চলা বারণ!
এখন আর জীবনের চাকা ঘুরিয়ে
স্বপ্ন দেখি না পথের।


দিদারুল ইসলামের জানাজা ও তাঁকে রাষ্ট্রীয় সম্মান প্রদর্শন

প্রথম পৃষ্ঠার পর নামটি প্রশংসার সাথে উচ্চারিত হয় বার বার। দিদারুলের মতো নিষ্ঠাবান ও দায়িত্বশীল একজন পুলিশ সদস্যকে হারিয়ে এনওয়াইপিডি পুলিশ ডিপার্টমেন্ট তাঁকে 'বীর' উপাধী এবং মরোণত্তর ফাস্ট গ্রেড ডিটেকটিভ কর্মকর্তার পদমর্যাদায় ভূষিত করা হয়। গর্ভর্ণর ক্যাথি হোকুল, মেয়র এরিক অ্যাডামস, পুলিশ কমিশনার জেসিকা টিশসহ হাজার হাজার এনওয়াইপিডি পুলিশ, নিউজার্সি স্টেট থেকে আগত পুলিশ কর্মকর্তারা ও ৩০/৩৫ হাজার মানুষে উপস্থিতিতে জানাজায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রীয় শ্রদ্ধা ও সম্মানে শেষ বিদায় জানানো হয় দিদারুল ইসলামকে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে এটি প্রথম কোন বাংলাদেশি বংশোদ্ভুতকে এমন রাষ্ট্রীয় সম্মান জানানো হয়েছে। শুধু যুক্তরাষ্ট্রই নয়, পুরো বিশ্ব দেখলো দিদারুলে আত্মত্যাগ। আত্মত্যাগ-সম্মানে মোড়ানো এক বীর দিদারুলের শেষ বিদায়ে কেঁদেছিলো জাতি ধর্ম বর্ণ নির্বিশেষ সকল মানুষ। ব্রঙ্কসের পার্কচেষ্টারে শেষ বিদায়ের সময় দিদারুলে দুই সন্তানের অশ্রুজল আকাশের মেঘও অঝোর ধারায় বৃষ্টির কান্নায় পরিণত হয়। সেই বৃষ্টিতে দাঁড়িয়ে দিদারুলের পরিবার, বন্ধু স্বজন, সহকর্মীরা তাঁকে অশ্রুজলে শেষ বিদায় জানান। এমন প্রস্থানে আত্মত্যাগ-সম্মানে মোড়ানো বীরের বেশে যুক্তরাষ্ট্রজুড়ে ইতিহাস হয়ে থাকবেন দিদারুল। তবে আক্ষেপ কিছুটা থেকেই যাবে। নিজের জীবন বিসর্জন দিয়ে জন্মভূমিকে সম্মানীত করলেও সেই বাংলাদেশ সরকারের পক্ষ থেকে দৃশ্যমান কোন বিবৃতি ও শ্রদ্ধা জানানো হয়নি। শুধু নিয়ম রক্ষার্থে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট কর্মকর্তা জানাজায় উপস্থিত হোন। এছাড়া বাংলাদেশ দূতাবাস কিংবা বাংলাদেশ সরকারের পক্ষ থেকে কোন কার্যক্রম পরিলক্ষিত হয়নি।

বাংলাদেশ-আমেরিকান পুলিশ এসোসিয়েশন বাপা নেতৃবৃন্দরা জানান, দিদারুল ইসলাম *১৭-এর পৃষ্ঠায় দেখুন*



























দিদারুল ইসলামের জানাজা ও তাঁকে রাষ্ট্রীয় সম্মান প্রদর্শন

১৬-এর পৃষ্ঠায় পর নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টে যোগদানের পর থেকেই ছিলেন দায়িত্বশীল। তিনি নিষ্ঠা ও নিউইয়র্ক বাসীকে নিরাপদ রাখতে গিয়ে নিজের জীবন বিলিয়ে দিয়েছেন। এনওয়াইপিডি এজন্য তাঁকে বীর উপাধী এবং ডিটেকটিভ পুলিশ কর্মকর্তা হিসেবে (মরোণত্তর) পদোন্নতি ও রাষ্ট্রীয় সম্মান দিয়েছে। একজন বাংলাদেশি হিসেবে দিদারুল বিশ্বের কাছে বীরের মতো স্মরণীয় হয়ে থাকবেন।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বাংলাদেশি বংশোদ্ভূত পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামকে (৩৬) স্থানীয় সময় গত বৃহস্পতিবার সকালে নিউইয়র্ক শহরের পার্চেস্টার এলাকায় দিদারুলকে আনুষ্ঠানিকভাবে শেষবিদায় জানানো হয়।


শেষবিদায়ের আনুষ্ঠানিকতায় দিদারুলকে 'গার্ড অব অনার' প্রদান করে নিউইয়র্ক পুলিশ বিভাগ (এনওয়াইপিডি)। তাঁকে মরণোত্তর 'ডিটেকটিভ ফার্স্ট গ্রেড' পদে পদোন্নতি দেওয়া হয়।

দিদারুলের বীরত্বের স্বীকৃতি দিতে, তাঁর প্রতি সর্বোচ্চ শ্রদ্ধা দেখাতে এ আনুষ্ঠানিকতায় যোগ দেন গভর্ণর ক্যাথি হোকুল, সিটি মেয়র এরিক অ্যাডমস, এনওয়াইপিডির কমিশনার জেসিকা টিশ, *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

















বিয়ে করে গ্রীন কার্ড পেতে

শেষ পৃষ্ঠায় পর হয়েছে এবং তা নতুন ও চলমান উভয় ধরনের আবেদনেই প্রযোজ্য হবে।

নতুন নীতিমালা অনুযায়ী, বিয়ে করে স্থায়ী বসবাসের আবেদন করতে হলে আবেদনকারীকে সম্পর্কের নির্ভরযোগ্য ও বিস্তারিত প্রমাণ দিতে হবে।

ইউএসসিআইএস তাদের অফিসিয়াল পলিসি ম্যানুয়ালে 'পরিবারভিত্তিক ইমিগ্রেন্টস' শিরোনামে নতুন এই নির্দেশনা প্রকাশ করেছে। সংস্থাটি জানিয়েছে, "জালিয়াতিমূলক, অবাস্তব বা মনগড়া পারিবারিক অভিবাসন আবেদনগুলো অভিবাসন ব্যবস্থার প্রতি মানুষের আস্থা নষ্ট করে। এই নীতিমালার লক্ষ্য হলো যারা প্রকৃত ও বৈধ সম্পর্কের ভিত্তিতে গ্রিনকার্ড আবেদন করছেন, শুধুমাত্র তারাই যেন সুযোগ পান।"

যেসব পরিবর্তন এসেছে, তার মধ্যে রয়েছে নতুন আবেদন যাচাই পদ্ধতি। ইউএসসিআইএস এখন প্রতিটি আবেদন কঠোরভাবে স্ক্রিন করবে। বিশেষ নজরে থাকবে বিয়ের সত্যতা। এখন থেকে সাক্ষাৎকার বাধ্যতামূলক করা হয়েছে। আবেদনকারীদের মধ্যে বাস্তবিক সম্পর্ক রয়েছে কি না, তা নির্ধারণে অফিসে হাজির হয়ে জিজ্ঞাসাবাদে অংশ নিতে হবে।

প্রমাণপত্র যাচাই করা হবে আরও কঠোরভাবে। এখন থেকে যুগলদের যৌথ ব্যাংক অ্যাকাউন্ট, একসঙ্গে বাসার চুক্তিপত্র, পরিবারের বা বন্ধুদের লিখিত বিবৃতি এবং যুগলের ছবি জমা দিতে হবে। একাধিক পিটিশন দেওয়া হয়েছে কি না, বা আবেদনকারী পূর্বে অন্য কারও জন্য আবেদন করেছিলেন কি না তাও খতিয়ে দেখা হবে।

যারা ইতিমধ্যে অন্য ভিসায় যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন তাঁদের ওপর বিশেষ নজর থাকবে। এমনকি আবেদন মঞ্জুর হলেও যদি ইউএসসিআইএস প্রমাণ পায় যে আবেদনকারী ডিপোর্ট হওয়ার মতো কোনো শর্তে পড়েন, তাহলে তাকে আদালতে হাজিরার নোটিশ পাঠানো হতে পারে।

যুক্তরাষ্ট্রের অভিবাসী নাগরিক দেশ থেকে স্ত্রীকে স্পাউস ভিসায় আনতে চান। এখন তেকে এক্ষেত্রে শুধুমাত্র বিয়ের রেজিস্ট্রেশন কপিই যথেষ্ট নয় তাঁদের একসঙ্গে বসবাসের প্রমাণ, যুগলের ছবি এবং পারিবারিক পরিচিতদের স্বাক্ষরযুক্ত বিবৃতি জমা দিতে হবে। এমনকি ইউএসসিআইএস-এর অফিসে গিয়ে তাঁদের বিয়ের সত্যতা নিয়েও বিস্তারিত জিজ্ঞাসাবাদে অংশ নিতে হবে।

ইউএসসিআইএস বলছে, "আমরা এমন কোনো ব্যবস্থা চাই না যা জাতীয় নিরাপত্তাকে হুমকির মুখে ফেলে বা অভিবাসনের প্রকৃত সুবিধাভোগীদের বঞ্চিত করে। সম্পর্কের নাম করে কেউ যেন অবৈধভাবে গ্রিনকার্ড না পায়, তা নিশ্চিত করতেই এই নতুন নীতি।"

নিউইয়র্কে ৫ মাসে ২ সহস্রাধিক

শেষ পৃষ্ঠায় পর বড় অংশই গুরুতর অপরাধে জড়িত নন। মাত্র ৭ শতাংশ অভিবাসীর বিরুদ্ধে সহিংস অপরাধের অভিযোগ প্রমাণিত হয়েছে।

অভিযানের ধরনেও এসেছে পরিবর্তন। রাস্তাঘাটে বা বাসাবাড়িতে হানা দেওয়ার পরিবর্তে এবার ইমিগ্রেশন কোর্ট কিংবা ফেডারেল অফিসে নিয়মিত চেক-ইনে এসে অনেকেই গ্রেপ্তার হচ্ছেন। কেউ কেউ জানতেই পারছেন না যে সেদিনই তাদের আটক করা হবে। বিশেষজ্ঞদের মতে, এটি আইনি প্রক্রিয়া ও মানবাধিকার প্রশ্নে গুরুতর উদ্বেগ সৃষ্টি করছে।

নিউইয়র্কের ফেডারেল কোর্ট ভবনগুলো এখন কার্যত 'ডিটেনশন জোন'-এ পরিণত হয়েছে। এই অভিযানে বহু বছর ধরে যুক্তরাষ্ট্রে বসবাসরত, কর পরিশোধকারী এবং পরিবারপ্রধান ব্যক্তিরাও বাদ যাচ্ছেন না। অনেককে লুইজিয়ানা, পেনসিলভানিয়া ও টেক্সসের মতো দূরবর্তী ডিটেনশন সেন্টারে পাঠানো হয়েছে। যেখান থেকে পরিবারের সদস্য বা আইনজীবীর সঙ্গে যোগাযোগ করাও কঠিন।

বিশেষজ্ঞরা বলছেন, ট্রাম্প প্রশাসনের এই অভিযান শুধু অপরাধীদের নয়, বরং বৃহৎ সংখ্যক নিরপরাধ, কাগজপত্রহীন অভিবাসীকেও লক্ষ্যবস্তুতে পরিণত করেছে।

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশি, ভারতীয় ও লাতিন আমেরিকান অভিবাসীদের মধ্যে আতঙ্ক বাড়ছে। অনেকেই এখন চেক-ইন বা রুটিন কোর্ট হাজিরায় না যাওয়ার কথা ভাবছেন। যদিও তাতে তাদের অবস্থান আরও ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে।

আইনজীবী, মানবাধিকার সংগঠন ও অভিবাসন অধিকারকর্মীরা এই ধরনের অভিযানকে 'বিচার বহির্ভূত' এবং 'নির্বিচার ধরপাকড়' বলে সমালোচনা করছেন।

তবে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের মুখপাত্র একে 'সাধারণ জ্ঞান নির্ভর কৌশল' বলে ব্যাখ্যা করেছেন। যা অপরাধী অভিবাসীদের শনাক্ত ও নির্বাসনে সহায়তা করছে বলে দাবি করেন তিনি।

এই পরিস্থিতিতে অভিবাসী পরিবারগুলো এখন ভয়, অনিশ্চয়তা ও হতাশার মধ্যে দিন কাটাচ্ছেন। ৯ বছর ধরে যুক্তরাষ্ট্রে বসবাসকারী দুই এল সালভাদোরিয়ান ভাইকে নিয়মিত চেক-ইনে গিয়ে গ্রেপ্তারের পর হঠাৎ দেশে ফেরত পাঠানোর ঘটনা যেন সেই আশঙ্কাকে আরও বাস্তব করে তুলেছে।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
